# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Sraban 31, 1433 Bangla, August 15, 2026, Saturday, No. 221, 56th year

# H I G H L I G H T S

Indian Ministry of External Affairs spokesperson Randhir Jaiswal has stated that a formal invitation has been extended to Prime Minister Tarique Rahman for a bilateral visit. [R. Today: 20]

State Minister for Information and Broadcasting has said everyone has the right to criticize the government, but any narrative against the state will be deal with a firm hand. [R. Today: 17]

Production in Chattogram's industrial factories has stalled due to an acute gas crisis. Power generation is also being disrupted by low gas pressure. Transport sector has now been hit hard by the crisis. [Jago FM: 13]

Power, Energy & Mineral Resources Minister has said, govt. has currently no alternative but to manage load-shedding and wait until the floating LNG terminal is repaired to overcome ongoing gas crisis. [R. Today: 19]

Government has sent 7 assistant superintendents of police and 49 inspectors into mandatory retirement from public service. [R. Today: 19]

At least 9 workers have been killed in suspected toxic gas exposure inside a ship being dismantled at a ship breaking yard in Sitakunda, Chattogram. [R. Today: 21]

Four more children have died across country with suspected measles. [Jago FM: 15]

At least 8 people have died as record rainfall pummeled eastern Japan and left thousands stranded at Tokyo's Narita Airport. [BBC: 23]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
| --- | --- | --- |

# দৈনিক মনিটরিং রিপোর্ট

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**শ্রাবণ ৩১, বাংলা ১৪৩৩, আগস্ট ১৫, ২০২৬, শনিবার, নং- ২২১, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমানকে দ্বিপক্ষীয় সফরের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। [রে. টুডেঃ ২০]

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী বলেছেন, সরকারের সমালোচনা সবাই করতে পারে। কিন্তু রাষ্ট্রের বিরুদ্ধে ন্যারেটিভ তৈরি করা হলে কঠোর হস্তে দমন করা হবে। [রে. টুডেঃ ১৭]

গ্যাসের তীব্র সংকটে চট্টগ্রামের শিল্প-কারখানার উৎপাদন কার্যত থমকে গেছে। গ্যাসের চাপ কম থাকায় ব্যাহত হচ্ছে বিদ্যুৎ উৎপাদনও। শিল্পের পর এবার সংকটের বড় ধাক্কা লেগেছে পরিবহন খাতে। [জাগো এফএমঃ ১৩]

ভাসমান এলএনজি টার্মিনালের মেরামত না হওয়া পর্যন্ত আপাতত দিন গোনা ও লোডশেডিং ব্যবস্থাপনা করা ছাড়া আর কোনো উপায় নেই বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী । [রে. টুডেঃ ১৯]

সরকার ৭জন সহকারী পুলিশ কমিশনার এবং ৪৯জন পুলিশ পরিদর্শকসহ মোট ৫৬জন কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে। [রে. টুডেঃ ১৯]

চট্টগ্রামের সীতাকুণ্ডে একটি জাহাজ ভাঙার ইয়ার্ডে বিষাক্ত গ্যাস ছড়িয়ে ৯জন নিহত। [রে. টুডেঃ ২১]

সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু। [জাগো এফএমঃ ১৫]

জাপানে নজিরবিহীন বৃষ্টিপাতে অন্তত ৮ জনের মৃত্যু, নারিতা বিমানবন্দরে হাজারো যাত্রী আটকা পড়েছে। [বিবিসিঃ ২৩]

# বিবিসি

## তারেক রহমানের ভারতে যাওয়ার প্রস্তুতি প্রায় নিশ্চিত

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী সপ্তাহে দিল্লি সফরে যেতে পারেন বলে ঢাকায় সংশ্লিষ্ট একাধিক সরকারি সূত্র বিবিসি বাংলাকে জানিয়েছে। এটিকে দ্বিপাক্ষিক সফর বলা হচ্ছে, যার সম্ভাব্য তারিখ হতে পারে ২২ থেকে ২৩ আগস্ট। বাংলাদেশের কর্মকর্তারা নাম প্রকাশ না করার শর্তে বলছেন, ভারতের দিক থেকে এই প্রস্তাব দেওয়া হয়েছে। বাংলাদেশের দিক থেকেও বলা হয়েছে যে, তারেক রহমান সফরে যাবেন। ইতোমধ্যে বাংলাদেশ সরকারের দিক থেকে তারেক রহমানের প্রথম ভারত সফরের প্রস্তুতিও নেওয়া হচ্ছে। কিন্তু চূড়ান্ত সিদ্ধান্তের আগে বাংলাদেশের কয়েকটি প্রত্যাশা রয়েছে। তার মধ্যে একটি হলো- ২০২৪ সালের ৫ আগস্ট থেকে ভারতের আশ্রয়ে থাকা বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে বসে বিভিন্ন সময়ে যে-সব রাজনৈতিক কর্মকাণ্ড চালাচ্ছেন বা বক্তব্য দিচ্ছেন, সেগুলো যেন তিনি আর করতে না পারেন। কর্মকর্তাদের দাবি, শেখ হাসিনার রাজনৈতিক বক্তব্য বাংলাদেশের অভ্যন্তরে বিতর্কের সৃষ্টি করছে এবং তার উদ্দেশ্য হলো, দেশের অভ্যন্তরীণ পরিস্থিতি অস্থিতিশীল করে তোলা। তাই, শেখ হাসিনার এই রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধের নিশ্চয়তা চায় বাংলাদেশ। নিশ্চয়তা পাওয়া গেলেই এই সফর নিশ্চিতভাবে হবে। এ বিষয়ে ভারতের দিক থেকে এক ধরনের নিশ্চয়তা দেওয়া হয়েছে জানিয়ে তারা বলেন, তবে পুরোপুরি নিশ্চয়তা চায় বাংলাদেশ। ভারতের একটি গণমাধ্যমও জানিয়েছে যে, আগামী সপ্তাহের মাঝামাঝি দুইদিনের সফরে ভারত যেতে পারেন তারেক রহমান।

এছাড়া, ভারতের দিক থেকে আরও একটি আমন্ত্রণ রয়েছে। চলতি বছরের সেপ্টেম্বরে ভারতের রাজধানী নয়া দিল্লিতে ব্রিকসের সম্মেলন হবে। সেখানে বিমসটেকের বর্তমান চেয়ারম্যান হিসেবে প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানানো হয়েছে। তবে সেই সফরে তারেক রহমান যোগ দিবেন কি না, সেই সিদ্ধান্ত এখনো নেওয়া হয়নি।

### শেখ হাসিনার ৫ আগস্টের সংবাদ সম্মেলন

দুই বছর আগে ৫ আগস্টে গণ-অভ্যুত্থানের মুখে ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে শেখ হাসিনা ভারতে অবস্থান করছেন। পরে বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের সময়ে মানবতাবিরোধী অপরাধের দায়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল তাকে মৃত্যুদণ্ডের রায় দিয়েছে। ক্ষমতা হারানোর ঠিক দুই বছর পর গত ৫ আগস্ট ভারতের রাজধানী দিল্লিতে একটি সংবাদ সম্মেলন করে আওয়ামী লীগ, যেখানে ভার্চুয়ালি যুক্ত হয়ে অডিও বক্তব্য রাখেন শেখ হাসিনা এবং সরাসরি সাংবাদিকদের কয়েকটি প্রশ্নের উত্তরও দেন। তবে আদালতের নিষেধাজ্ঞার কথা উল্লেখ করে বাংলাদেশ সরকার গণমাধ্যমকে সতর্ক করে যাতে কেউ তার বক্তব্য নিয়ে খবর প্রচার না করে। পরে ঢাকা অভিযোগ তোলে যে, বাংলাদেশের আপত্তি সত্ত্বেও ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নয়া দিল্লিতে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখার সুযোগ দেওয়া হয়েছে। কড়া ভাষায় প্রতিবাদ জানিয়ে রাতেই বিবৃতিও দেয় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। আওয়ামী লীগের দীর্ঘ শাসনের পতনের দ্বিতীয় বার্ষিকীতে দক্ষিণ এশিয়া ফরেন করেসপন্ডেন্টস ক্লাব (এফসিসি সাউথ এশিয়া) ওই সংবাদ সম্মেলনটি আয়োজন করেছিল। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওই বিবৃতিতে বলা হয়, মানবতাবিরোধী অপরাধের দায়ে ফাঁসির দণ্ডপ্রাপ্ত ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জুলাই গণ–অভ্যুত্থানের বার্ষিকীর দিনে দিল্লিতে সংবাদ সম্মেলনে বক্তব্য দেওয়ার সুযোগ করে দেওয়ায় ক্ষুব্ধ বাংলাদেশ সরকার। দুই দেশের সম্পর্ক উন্নয়নের চেষ্টার প্রসঙ্গ টেনে ওই বিবৃতিতে বলা হয়, অনুষ্ঠানটি আয়োজনের ফলে দ্বিপক্ষীয় সম্পর্কের নতুন যাত্রার প্রচেষ্টায় সম্ভাব্য নেতিবাচক প্রভাব সম্পর্কে উদ্বেগ ভারত সরকারকে আগেই জানানো হয়েছিল। এর পরেও ভারতের মাটিতে এ আয়োজনের অনুমতি দেওয়ায় ঢাকা গভীর হতাশা প্রকাশ করছে। বাংলাদেশ সরকার যেমন ক্ষুব্ধ প্রতিক্রিয়া দিয়েছে, একইসঙ্গে সরকারে থাকা বিএনপি নেতাদেরও অনেকে তখন ভারত সরকারের ভূমিকার সমালোচনা করে বক্তব্য দিয়েছেন। বিএনপির নেতারা বলেছেন, তাদের সরকার আসলে ভারতে অবস্থান করা শেখ হাসিনার রাজনৈতিক বক্তব্য-বিবৃতি ও কর্মকাণ্ড বন্ধ চায়।

এদিকে, শেখ হাসিনা ইস্যুকে সামনে এনে তারেক রহমানের সম্ভাব্য ভারত সফরের বিরোধিতা করছে জুলাই আন্দোলনে অংশ নেওয়া তরুণদের একাংশের নেতৃত্বে গঠিত রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি। ”শেখ হাসিনার প্রত্যর্পণ কীভাবে হবে, ভারতের সাথে বাংলাদেশের সম্পর্ক কীভাবে নতুন করে নিরূপণ হবে, এই প্রশ্নের সমাধান না হওয়া পর্যন্ত তারেক রহমান ভারতে যেতে পারবেন না„ বলে সম্প্রতি মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও সংসদের বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। তিনি বলেন, ”দিল্লিতে যে প্রেস কনফারেন্স হয়েছে, সেটি ভারত সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ সমর্থনে হয়েছে। দিল্লি থেকে শেখ হাসিনা যা কিছু বলছে, সেগুলোকে শেখ হাসিনার ভাষ্য হিসেবে না নিয়ে দিল্লির ভাষ্য হিসেবে নিতে হবে। ভারত এই বার্তা

বাংলাদেশকে দিয়ে যাচ্ছে।„ ”বিচারে একটা রায় হয়েছে, সেই আসামিকে যখন প্রেস কনফারেন্স করতে দিয়েছে একটি সরকার; তার মানে এ দেশের গণতন্ত্র, বিচারব্যবস্থা, সার্বভৌমত্বের বিরুদ্ধে ভারত সরকার অবস্থান নিয়েছে। এটি বাংলাদেশের বিরুদ্ধে ছায়াযুদ্ধ ঘোষণা করার মতো।„(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৮.২০২৬ নারগীস)

## বাংলাদেশে গ্যাসের তীব্র সংকটের কারণ কী এবং সমাধানে সরকার কী করছে?

ঢাকার পূর্ব রামপুরার একই বাড়িতে ১০ বছর ধরে বসবাস করছেন হাজেরা খাতুন। তবে রান্নার জন্য গ্যাসের চুলা সম্পূর্ণ বন্ধ থাকার অভিজ্ঞতা তার এবারই প্রথম। হাজেরা জানান, অতীতেও গ্যাস সংকটের ভেতর দিয়ে তাদের যেতে হয়েছে, কিন্তু এত তীব্র সংকটের মুখোমুখী হতে হয়নি। ”১৩-১৪ দিন একবারেই আসে নাই। ১০ বছর হয় হাজিপাড়া আসছি। এই দুই মাসে সমস্যা একবারে বেশি। আগে সকালে (গ্যাস) যাইতো আবার দুইটা-আড়াইটার পর আসতো। আবার সন্ধ্যা ৬টার পরে যাইতো। এখন মোটেই নাই।„ পাইপলাইনে গ্যাসের সংকটে তার প্রতিবেশীরা কেউ কেউ মাটির চুলাও ব্যবহার করছেন। যাদের সামর্থ্য আছে এলপিজি সিলিন্ডার কিনেছেন। বাংলাদেশে গ্যাসের ঘাটতির কারণে সংকট তৈরি হয়েছে গ্যাসনির্ভর প্রতিটি সেক্টরে। সিএনজি স্টেশনে দীর্ঘ লাইন দেখা যাচ্ছে, বিদ্যুৎ উৎপাদন ব্যহত হয়ে লোডশেডিং বেড়েছে। অনেক শিল্প কারখানায়ও উৎপাদন বন্ধ হয়ে গেছে বলেও অভিযোগ পাওয়া যাচ্ছে। শিল্প কারখানার মালিকদের ভাষায়, গ্যাস সংকটের এই পরিস্থিতি 'আতঙ্কের'। শিল্প কারখানায় নতুন সংযোগ বন্ধ। গ্যাস ও বিদ্যুৎ সংকটে নতুন বিনিয়োগ বাধাগ্রস্ত হচ্ছে। ”গ্যাসের সংকটটা এখন খুবই ভয়াবহ এবং এটা একটা আতঙ্ককর পরিস্থিতি। আগে যেটা ছিল, সেটা ম্যানেজ করা যেত। এখন যেটা আসছে, এটা আমাদের ম্যানেজ করার আয়ত্বের বাইরে,„ বিবিসি বাংলাকে বলছিলেন বাংলাদেশে টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ)-এর জ্বালানি বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারম্যান রাজীব হায়দার। মি. হায়দারের দাবি, বাংলাদেশে বিটিএমএর সমন্বিতভাবে প্রায় ২৩ বিলিয়ন (দুই হাজার ৩০০ কোটি) ডলারের বিনিয়োগ রয়েছে। রপ্তানিমুখী কারখানার সুতা, কাপড়, ডেনিম ফেব্রিক সরবরাহে এই কারাখানগুলো কাজ করে। ”আমাদের ইন্ডাস্ট্রিগুলো ২৪ ঘণ্টা অপারেশনে থাকে। গ্যাস সংকটে আমাদের যে-কোনো একজন ভালো উদ্যোক্তাও, যিনি সবসময় ভালোমতো ব্যবসা করেছেন, ব্যাংকের দায় দেনা শোধ করেছেন, উনি যদি হঠাৎ করে এরকম একটা পরিস্থিতির সম্মুখীন হন, তাহলে কিন্তু উনি খেলাপি হয়ে যেতে পারেন। কারণ জ্বালানিটা যদি ঠিক না থাকে, তাহলে কীভাবে প্রোডাকশন করবেন?„ ”আর আপনি যদি প্রোডাকশন না করতে পারেন, তাহলে ব্যাংকের দায়-দেনা বা পণ্যের কাচামালের খরচ কীভাবে দেবেন, তো এটা একটা বিগ ফ্যাক্টর। বর্তমানে এটা আমাদের মাথাব্যথার সবচেয়ে বড়ো কারণ,„ বলছিলেন রাজীব হায়দার।

### এত গ্যাস সংকট কেন

বাংলাদেশ গ্যাস সংকটের প্রধান কারণ উৎপাদন ও আমদানিতে সংকট। তবে চলমান গ্যাস সংকটের পেছনে একটি ভাসমান এলএনজি টার্মিনালের দুর্ঘটনাও দায়ী। বর্তমনে বাংলাদেশে দেশীয় গ্যাসক্ষেত্র থেকে দেড় হাজার মিলিয়ন ঘটফুট (এমএমসিএফডি) উত্তোলন করা সম্ভব হয়, আর আমদানি হয় এক হাজার মিলিয়ন ঘনফুটের মতো। পেট্রোবাংলার ১১-১২ আগস্টের প্রতিবেদনে দেখা যায়, দেশীয় গ্যাসক্ষেত্র থেকে দেশি-বিদেশি কোম্পানি মিলিয়ে উৎপাদন হয়েছে ১৬শ এমএমসিএফডির কিছু বেশি। আর আমদানি হয়েছে ৪৬৭ এমএমসিএফডি। একটি এলএনজি টার্মিনাল বিকল হওয়ায় এলএনজি সরবরাহ অর্ধেকে নেমে এসেছে। ফলে দৈনিক প্রায় ৫শ মিলিয়ন ঘনফুট গ্যাসের ঘাটতি তৈরি হয়েছে। এর ফলে বিদ্যুৎ উৎপাদনে গ্যাসের সংকট তীব্র লোডশেডিং করতে হচ্ছে। সম্প্রতি একদিনে লোডশেডিং সর্বোচ্চ তিন হাজার ৭০০ মেগাওয়াট ছাড়িয়ে গেছে। গ্যাস সংকট মেটাতে বাংলাদেশে ২০১৮ সাল থেকে এলএনজি আমদানি করা শুরু হয়। বেসরকারিভাবে সাগরে ভাসমান দুটি এফএসআরইউ (ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিট) স্থাপন করে গ্যাস আমদানি হয়, যার সক্ষমতা দৈনিক ১১শ মিলিয়ন ঘনফুট। কিন্তু এই এলএনজি টার্মিনাল পূর্ণ মাত্রায় আমদানি করলেও বাংলাদেশে গ্যাসের ঘাটতি পূরণ করা যাচ্ছে না। নতুন শিল্প কারখানায় গ্যাস সংযোগ পাচ্ছে না। সার কারখান, বিদ্যুৎ উৎপাদনে চাহিদামত গ্যাস কখনোই সরবরাহ করা যাচ্ছে না। জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, গ্যাস সংকটের পরিস্থিতি দিন দিন আরো জটিল হচ্ছে। অধ্যাপক ম তামিম বিবিসি বাংলাকে বলেন, ”দেশে গ্যাসের উৎপাদন প্রায় ১৫শ মিলিয়ন ঘনফুটে নেমে এসেছে যেটা ২০১৬-১৭ সালে ১৯ মিলিয়নের মতো ছিল। এটা দিনে দিনে কমে আসছে।„ গ্যাসের এই সংকট মোকাবিলায় পেট্রোবাংলা ও বাপেক্স গত ৫/৭ বা ১০ বছরে বেশ কিছু উদ্যোগ নিয়েছে উল্লেখ করে তিনি বলেন, ”যতগুলো উদ্যোগ নিয়েছে, তাতে উৎপাদন কিছুটা বাড়লেও অন্যান্য ক্ষেত্র থেকে উৎপাদন কমে যাওয়ার ফলে দেখা গেছে যে, নেট উৎপাদন কমে যাচ্ছে। প্রতি বছর ১০০ থেকে ২০০ মিলিয়ন ঘনফুট গ্যাসের উৎপাদন কমে যাচ্ছে।„

বাংলাদেশে জ্বালানি সংকটকে জরুরি পরিস্থিতি ঘোষণা করে অতীতে আওয়ামী লীগ সরকার ক্ষমতার শেষ পর্যন্ত বিশেষ বিধান আইনে নানা প্রকল্প হাতে নিয়েছে। তবে সমালোচনা আছে, সাগরে ও স্থলভাগে ব্যাপক গ্যাস অনুসন্ধান হয়নি, যে কারণে আমদানি নির্ভরতা বেড়েছে। নতুন সরকার সাগরে গ্যাস অনুসন্ধানে দরপত্র আহ্বান করেছে। কিন্তু এখানে নতুন কোম্পানির সঙ্গে চুক্তি হলে এবং অনুসন্ধান করে গ্যাস আবিষ্কার হলে, সেটি পেতেও দীর্ঘ সময় লেগে যাবে।

”নতুন অনুসন্ধান হচ্ছে না। অফশোরে আমরা দিয়েছি, এটাও আসতে আসতে ৫/৭ বছর লাগবে। যদি খনন করে আবিষ্কার হয়, সেটা হলেও তিন চার বছর লাগবে এটাকে নিয়ে আসতে। ফলে আমাদের আমদানি থেকে আমাদের মুক্তি নাই,„ বলছেন ম তামিম। এক সময় মুখে মুখে বলা হতো, বাংলাদেশ গ্যাসের উপর ভাসছে। গ্যাস রপ্তানি নিয়েও বিতর্ক হয়েছে। অথচ উৎপাদন ও মজুত কমতে থাকায় ২০১৮ সাল থেকে বাংলাদেশ এলএনজি আকারে গ্যাস আমদানি শুরু করে। একদিকে দেশীয় গ্যাসের উৎপাদন কমে যাওয়া, অন্যদিকে আমদানি সক্ষমতা না থাকায় গ্যাস সংকট খুব দ্রুত সমাধান হবে- এমন কোনো সম্ভাবনা দেখছেন না জ্বালানি বিশেষজ্ঞরা।

অধ্যাপক ম তামিমের পরামর্শ, স্বল্প মেয়াদে গ্যাসক্ষেত্রে উপরের স্তরে অনুসন্ধান করে গ্যাস উত্তোলন করা যায়। ভোলার গ্যাস কীভাবে নিয়ে আসা যায়, সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। একইসঙ্গে, আরো বিদ্যুৎ আমদানি, নবায়নযোগ্য জ্বালানি ও কয়লা নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া দরকার। জ্বালানি খাতে পরিস্থিতি উন্নতির জন্য প্রয়োজনে স্থলভাগেও আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে গ্যাস অনুসন্ধান করা যেতে পারে বলে তিনি মনে করেন, যেটা ১৯৯৭ সালের পরে আর হয়নি। ”আমাদের সমান্তরালভাবে দীর্ঘমেয়াদি পরিকল্পনায় কাজ করতে হবে। সেই কাজে অংশ হিসেবে নবায়নযোগ্য জ্বালানিতে একটা বড়ো ধরনের মনোযোগ দিতে হবে,„ বলেন ম তামিম।

**জ্বালানি বিভাগ কী বলছে**

সরকারের জ্বালানি মন্ত্রণালয় বলছে, সাগরে গ্যাস অনুসন্ধান, নতুন কূপ খনন, নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার বাড়ানোসহ দীর্ঘমেয়াদি পরিকল্পনা করে বর্তমান সরকার জ্বালানি সংকট সমাধানের চেষ্টা করবে। সাগরে গ্যাস অনুসন্ধানের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। নতুন করে দেড়শ কূপ খননেরও উদ্যোগ নেওয়ার কথাও জানিয়েছে জ্বালানি মন্ত্রণালয়। জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ সম্প্রতি বলেছেন, চলমান গ্যাস ও বিদ্যুৎ সংকটের জন্য এ সরকার দায়ী করা যাবে না। ”আমাদের সরকারের বয়স মাত্র ছয় মাস এবং আমাদেরকে এইসব জিনিস ইনহেরিট করতে হয়েছে। এখন যেটা আছে, এটাও আমরা আশা করি সাকসেসফুলি ওভারকাম করতে পারবো,„ বলেছেন তিনি। জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, দেশীয় উৎপাদন ঘাটতি কারণে গ্যাস আমদানি করতে হবে। আমদানি অবকাঠামো হিসেবে স্থলভাগে এবং সাগরে ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপন করতে উদ্যোগ নিয়েছে জ্বালানি বিভাগ। ”দেশীয় উৎপাদন এবং আমাদানি দুটি মিলেও গ্যাসের যে চাহিদা আছে প্রায় ১২শ এমএমসিএফ পার ডে, আমাদের গ্যাপ রয়ে গেছে। আপনার কাছে যদি টাকাও থাকে, তা-ও আপনি রাতারাতি এলএনজি ইমপোর্ট বাড়াতে পারবেন না। কারণ আমাদের সে অবকাঠামো নেই।„ বাংলাদেশে স্থলভাগে এলএনজি টার্মিনাল নেই। সাগরে ভাসমান টার্মিনাল দুটি। সরকার এরই মধ্যে চীনের একটি কোম্পানিকে দিয়ে এফএসআরইউ স্থাপনের ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছে। তবে এটার বাস্তবায়নেও সময় লাগবে।

বাংলাদেশে গ্যাস উৎপাদন কমে আসায় ২০১৮ সাল থেকে এলএনজি আমদানি শুরু করে বিগত আওয়ামী লীগ সরকার। এর জন্য সমুদ্রে দুটি ভাসমান টার্মিনাল নির্মাণ করা হয়। এর একটি সামিটের, অন্যটি মার্কিন কোম্পানি এক্সিলারেট এনার্জির। এছাড়া গ্যাস আমদানি বাড়াতে ২০২৪ সালে তৃতীয় টার্মিনাল স্থাপনে সামিট গ্রুপের সঙ্গে চুক্তি করা হয়। ২০২৭ সালের মধ্যে চালুর লক্ষ্যে সামিট গ্রুপের সঙ্গে যে এফএসআরইউ স্থাপনের চুক্তি হয়েছিল, জুলাই অভ্যুত্থান পরবর্তী অন্তর্বর্তী সরকার ওই চুক্তি বাতিল করে দেয়। তৃতীয় এফএসআরইউ বাতিল করার কারণে বাংলাদেশ অবকাঠামোগত প্রস্তুতির দিক থেকে ২/৩ বছর পিছিয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। অধ্যাপক ম তামিম বলেন, ”আমি মনে করি, ঢালাওভাবে বাতিল করা ঠিক হয়নি। স্পেশালি এফএসআরইউ।... বাতিল করার আগে আমাকে চিন্তা করতে হবে যে, বিকল্প ব্যবস্থা আমি কত দ্রুত আনতে পারবো। এফএসআরইউ মার্কেট ভেরি টাইট মার্কেট।„ চীনের সঙ্গে জিটুজি চুক্তির মাধ্যমে দুই বছরের মধ্যে নতুন এফএসআরই স্থাপনের কথা বলছে জ্বালানি বিভাগ। এ ব্যাপারে অধ্যাপক ম তামিম বলেন, চীনের আসলে এফএসআরইউ তৈরি করার অভিজ্ঞতা খুব বেশি দিনের না। তাদের একটা কোম্পানি বড়ো এফএসআরইউ ক্যারিয়ার বানিয়েছে, আরেকটা কনভার্সন করেছে। ”চীনের কোম্পানিগুলো এফএসআরইউ ব্যবসায় নতুন। যদি তাদের হাতে জাহাজ থেকে থাকে, কোনো ক্যারিয়ার থেকে থাকে, যেটা কনভার্সন করবে, তাহলে হয়ত আঠারো মাসে হয়ত তারা যেটা বলেছে দিতে পারবে। কিন্তু সেটা না থাকলে আঠারো মাসে দেওয়ার সম্ভাবনা নেই।„ মহেশখালীর মাতারবাড়ীতে ল্যান্ডবেইজ এলএনজি টার্মিনাল নির্মাণেও কাজ শুরু করেছে জ্বালানি বিভাগ। জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, এটি চালু হতেও দীর্ঘ সময় লাগবে। অধ্যাপক তামিম বলেন, এটা অনেক আগে পরিকল্পনা ছিল কাজগুলো হাতে আগে নিলে হয়ত এখন হয়ে যেত। সবমিলিয়ে জ্বালানি বিভাগের পরিকল্পনা এবং বিশেষজ্ঞদের কথায় বোঝা যাচ্ছে, বাংলাদেশে প্রাথমিক জ্বালানি বিশেষ করে গ্যাস সংকটের দ্রুত সমাধান নেই। তবে দুর্ঘটনাকবলিত এলএনজি টার্মিনাল মেরামত শেষ হলে চলমান তীব্র সংকট কিছুটা কমবে এবং সেটা সরকারও বারবার বলছে। (বিবিসি ওয়েব পেজ : ১৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## চট্টগ্রামে জাহাজ ভাঙার সময় বিষাক্ত গ্যাসে অন্তত আটজনের মৃত্যু

চট্টগ্রামের সীতাকুণ্ডে একটি জাহাজ ভাঙার ইয়ার্ডে বিষাক্ত গ্যাস ছড়িয়ে অন্তত আটজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও বেশ কয়েকজন। শুক্রবার সকালে সীতাকুণ্ড উপজেলায় ফেরদৌস স্টিল শিপ ব্রেকিং ইয়ার্ডে এ ঘটনা ঘটে। সেখানে পুরোনো জাহাজ ভাঙার পর স্টিল রিসাইকেল করে বিক্রিও করা হয় বলে জানান স্থানীয় সাংবাদিকরা। সীতাকুণ্ড থানার পরিদর্শক (তদন্ত) মো. আলমগীর বিবিসি বাংলাকে আটজন শ্রমিক নিহত হওয়ার তথ্য নিশ্চিত করে জানান, "জাহাজ কাটছে, তখন গ্যাস লিকেজ হয়ে মারা গেছে।„ সীতাকুণ্ড উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. ফখরুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, এই ঘটনায় তিন-চারজন আহত হয়েছে এবং নিখোঁজ আছে অন্তত পাঁচজন। নিহতরা সবাই ওই কারখানার শ্রমিক বলেও জানান ইউএনও। তিনি উল্লেখ করেন, যেখান থেকে গ্যাস লিকেজ হয়েছে, সেখানে কাউকে যেতে দেওয়া হচ্ছে না এবং লিকেজ থামানোর জন্য সেনাবাহিনীর সহযোগিতা চাওয়া হয়েছে।

**কী ঘটেছিল**

চট্টগ্রামের স্থানীয় সাংবাদিকরা জানিয়েছেন, আজ শুক্রবার সকাল ৮টার দিকে এই ঘটনাটি ঘটেছে। স্থানীয় সাংবাদিক নয়ন বড়ুয়া জয় বলেন, "এটি হলো জাহাজভাঙা কারখানা। জাহাজ কাটে এখানে। জাহাজে সিলিন্ডার ছিল। সিলিন্ডারের পাশে একটি ট্যাংক ছিল।„ ওই ট্যাংক কাটতে গিয়ে ওখান থেকে বিষাক্ত গ্যাস ছড়িয়ে পড়েছে বলে তারা জানতে পেরেছেন। "কোনো বিস্ফোরণ হয়নি। বিষক্রিয়াতেই সবাই মারা গেছে,„ বলছিলেন তিনি। জানা গেছে, নিহতদের মাঝে তিনজন ঘটনাস্থলেই মারা গেছে। বাকিদের আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নেওয়ার পরে তারাও মারা যান।

এদিকে, এ দিন দুপুরে চট্টগ্রাম বিভাগে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-এর উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) মো. তৌফিকুল ইসলাম ভুঁইয়া স্থানীয় সাংবাদিকদের বলেন, তারা ১০টা ৫০ মিনিটের দিকে খবর পান। তারপর ফায়ার সার্ভিসের দু'টো ইউনিট অ্যাম্বুলেন্সসহ আসে। ফায়ার সার্ভিস এসে প্রথম তিনজনকে নিহত অবস্থায় পায় এবং আহতদের হাসপাতালে স্থানান্তর করে। "এটা একটি এলএনজি বেজড পুরাতন জাহাজ। কাটিং-এর কাজ চলছিলো। এইসব জাহাজ কাটিং-এর নিয়ম হলো- এটা যেহেতু পুরাতন শিপ ব্রেকার, তাই এটাকে ফ্রি করে (গ্যাসমুক্ত করে) কাটতে হবে। শ্রমিকরা যখন কাটছিল, তখন এখানে হয় ক্লোরিন অথবা কার্বন মনোঅক্সাইড গ্যাস ছিল, যা মারাত্মক বিষাক্ত গ্যাস। তখন এই গ্যাসে আক্রান্ত হয়ে এই দুর্ঘটনা ঘটছে,„ বলছিলেন তিনি। "সাধারণত এইসব জাহাজ কাটিং-এর আগেই ক্লোরিন অথবা কার্বন মনোঅক্সাইড গ্যাস যাতে উৎপন্ন না হয়, সে কারণে গাদ ফ্রি করে কাটতে হয়। ফ্রি করে না কাটার কারণেই পাইপে যে গ্যাসগুলো জমে ছিল, ওই গ্যাসে আক্রান্ত হয়ে মারা গেছে,„ যোগ করেন তিনি। এদিকে, সীতাকুণ্ডের কুমিরা ফায়ার সার্ভিস স্টেশনের ইনচার্জ আল মামুন ঘটনাস্থল থেকে শুক্রবার বিকেল ৫টার দিকে বিবিসি বাংলাকে বলেন, জোয়ারের পানি নেমে গেলে তার জাহাজটিতে তল্লাশি চালাবেন।

**প্রত্যক্ষদর্শীরা যা বলছে**

ওই কারখানার একজন শ্রমিক বলেন, তিনি উপরে কাজ করছিলেন। হঠাৎ তিনি দেখতে পেলেন যে, মানুষ ছোটাছুটি করছে। "গিয়ে দেখি, টাংকির নিচে ছয়জন পড়ে গেছে। আমরা নিঃশ্বাস ফালাইতে পারছিলাম না। চলে আসলাম আমরা। এরপর একটা একটা লাশ আনতেছে ওইখান থেকে,„ বলছিলেন তিনি। ওই শ্রমিক আরো অভিযোগ করেন, ওই কারখানায় কোনো অক্সিজেন ও গাড়ির ব্যবস্থা ছিল না। আরেকজন শ্রমিক অভিযোগ করেন, খবর পেয়ে তারা ভেতরে প্রবেশের চেষ্টা করেছিলেন। কিন্তু তাদের যেতে দেওয়া হয়নি, "গেট বন্ধ করে দিছে„। সীতাকুণ্ড থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মহিনুল ইসলাম ঘটনাস্থল থেকে সাংবাদিকদের বলেছেন, যদি নিরাপত্তার ঘাটতি থাকে, সেটি তারা পরে তদন্ত করে দেখবেন। এদিকে, বাংলাদেশের একটি জাতীয় দৈনিক প্রথম আলোতে স্থানীয় জেলেদের বরাতে বলা হয়েছে, কারখানাটির ভেতর থেকে বের হওয়া গ্যাসের গন্ধের তীব্রতা এত বেশি ছিল যে সাগরে ইলিশ ধরতে যাওয়া জেলেরা কারখানাটির পাশের খালে প্রবেশ করতে পারেননি। তাদেরকে অন্তত আধা কিলোমিটার দূরে গিয়ে ঘাটে নৌকা ভেড়াতে হয়েছে, বলা হয়েছে এতে।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## আওয়ামী লীগের আগস্ট ফ্যাক্টর; হত্যা, হামলা, ক্ষমতাচ্যুতি

বাংলাদেশের রাজনীতিতে আগস্ট মাসের সঙ্গে আওয়ামী লীগের সম্পর্ক মূলত শোক, সহিংসতা ও রাজনৈতিক বিপর্যয়ের স্মৃতিতে জড়িয়ে আছে। কারণ বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ এই দলটির ইতিহাসের সবচেয়ে বড়ো কয়েকটি ঘটনা ঘটেছে এই মাসেই। ১৯৭৫ সালের ১৫ আগস্ট সপরিবারে হত্যা করা হয় বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানকে, যিনি ছিলেন আওয়ামী লীগের প্রতিষ্ঠাকালীন নেতাও। শেখ মুজিবুর রহমানকে হত্যার ঘটনা দলটির রাজনৈতিক ইতিহাসে এতটাই গভীর প্রভাব ফেলে যে, আগস্টকে তারা 'শোকের মাস' হিসেবে পালন করে এসেছে। এর প্রায় তিন দশক পর, ২০০৪ সালের ২১ আগস্ট ঢাকায় আওয়ামী লীগের সমাবেশে গ্রেনেড হামলা হয় এবং অল্পের জন্য প্রাণে বেঁচে যান দলটির তৎকালীন সভাপতি শেখ হাসিনা। আর চব্বিশের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের মুখে পতন হয় আওয়ামী লীগের টানা সাড়ে ১৫ বছরের শাসনের। পরবর্তীতে গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধে ভারতে আশ্রয় নেওয়া শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড দেয় ঢাকার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। পুরো

ঘটনাটিকে আওয়ামী লীগের জন্য বড়ো বিপর্যয় বলে মনে করেন অনেক বিশ্লেষক। আওয়ামী লীগ প্রতিষ্ঠিত হয় ১৯৪৯ সালে। ৭৭ বছরের পুরোনো এই দলটির ইতিহাসে এই তিন ঘটনার প্রেক্ষাপট, কারণ ও পরিণতি এক নয়। ভিন্ন ভিন্ন সময়ে, ভিন্ন বাস্তবতায় ঘটেছে সেগুলো। তারপরও একটি জায়গায় এসে ঘটনাগুলোকে মেলানো যায়, আর তা হলো- আগস্ট।

**১৫ আগস্ট : শেখ মুজিব হত্যাকাণ্ড এবং ঘুরে দাঁড়ানো**

৫১ বছর আগে ১৯৭৫ সালের ১৫ আগস্ট পরিবারের বেশিরভাগ সদস্যসহ বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানকে ঢাকায় তার ধানমন্ডির বাড়িতে হত্যা করা হয়। তার দুই মেয়ে শেখ হাসিনা ও শেখ রেহানা তখন বিদেশে, ফলে এই দু-জনই কেবল প্রাণে বাঁচেন। বিশ্লেষকদের মতে, শেখ মুজিবুর রহমানকে হত্যার পেছনে একক কোনো কারণ ছিল না। সদ্য স্বাধীন হওয়া যুদ্ধবিধ্বস্ত দেশে অর্থনৈতিক চরম অব্যবস্থাপনা, চুয়াত্তরের ভয়াবহ দুর্ভিক্ষের ধাক্কা, একদলীয় শাসনব্যবস্থা প্রবর্তন (বাকশাল), রক্ষীবাহিনীর অতিরিক্ত ক্ষমতা ও দমনপীড়ন এবং দুর্নীতির ব্যাপক বিস্তার সাধারণ মানুষ ও রাজনৈতিক মহলে ক্ষোভ তৈরি হয়েছিল। এ সবের মধ্যেই পঁচাত্তরের ১৫ আগস্ট ভোর পাঁচটার দিকে একদল সেনা কর্মকর্তা অভ্যুত্থানের মাধ্যমে তাকে সপরিবারে হত্যা করে এবং ক্ষমতার পালাবদল ঘটায়। লেখক ও রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ তার বেলা-অবেলা বইতে লিখেছেন, ”বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শুধু আওয়ামী লীগের প্রাণপুরুষ ছিলেন না, বাংলাদেশের রাজনীতির নাটাইটা তার হাতেই ছিল। এক সময় তার ইশারায় সবাই উঠতেন, বসতেন, ছুটতেন।„ কিন্তু তৃতীয় বিশ্বের অনেক রাজনীতিকের মতোই জনপ্রিয়তা বজায় রেখে তিনি দক্ষতার সঙ্গে সরকার চালাতে পারেননি উল্লেখ করে মি. আহমদ লেখেন, ”জনপ্রশাসন নিয়ে তিনি স্বস্তিতে ছিলেন না। তার পছন্দের লোকদের তিনি প্রশাসনের শীর্ষ পদে বসিয়েছিলেন। দেশ চালানোর জন্য দলকে ব্যবহার করেছেন বেশি। তাকে নিয়ে ব্যক্তিকেন্দ্রিক রাজনীতির জন্ম হয়েছিল।„ শেখ মুজিবুর রহমানকে হত্যার সময় খন্দকার মোশতাক আহমদ ছিলেন বাণিজ্যমন্ত্রী ছিলেন। হত্যাকাণ্ডের পর ওই দিনই তিনি বাংলাদেশের রাষ্ট্রপতির দায়িত্ব নেন। আওয়ামী লীগের কোনো কোনো নেতা তখন খন্দকার মোশতাকের সরকার এবং পরবর্তী সরকারগুলোতে যোগ দেন।

এদিকে, এর আড়াই মাসেরও কম সময়ের মধ্যে, ৩ নভেম্বর মুক্তিযুদ্ধ পরিচালনাকারী প্রবাসী মুজিবনগর সরকারের চার জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এম মনসুর আলী ও এ এইচ এম কামারুজ্জামানকে কারাগারে হত্যা করা হয়। ফলে স্বাধীনতার মাত্র কয়েক বছরের মাথায় আওয়ামী লীগ একদিকে শীর্ষ নেতৃত্বের বড়ো একটি অংশ হারায়, অন্যদিকে দলটির ভেতরেও দেখা দেয় বিভক্তি ও নেতৃত্বের সংকট। তবে সাংগঠনিক সংকটে পড়লেও আওয়ামী লীগ রাজনৈতিক দল হিসেবে নিশ্চিহ্ন হয়ে যায়নি। তারা ঘুরে দাঁড়াতে পেরেছিল, তবে প্রক্রিয়াটি ছিল বেশ দীর্ঘ। দলটির ভেতরে নেতৃত্বের কোন্দল থাকলেও শেখ মুজিবকে হত্যার পর অন্যান্য নেতারা দলকে সংগঠিত করার চেষ্টা করেছেন। পরে ১৯৮১ সালে শেখ হাসিনার অনুপস্থিতিতেই তাকে সর্বসম্মতিক্রমে আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত করা হয় এবং পঁচাত্তরের পর ওই বছরের ১৭ মে প্রবাস থেকে সর্বপ্রথম দেশে ফেরেন তিনি। এরপর ৪৫ বছরেরও বেশি সময় ধরে দলটির সভপতি পদেই রয়েছেন শেখ হাসিনা। পঁচাত্তরের হত্যাকাণ্ডের পর আওয়ামী লীগের রাজনীতির ওপর আনুষ্ঠানিক কোনো নিষেধাজ্ঞা ছিল না। কিন্তু ”সেই সময় দেশে আওয়ামীবিরোধী অবস্থা বিরাজ করেছিল, শেখ মুজিবুর রহমানের হত্যাকারীদের বড়ো প্রভাব ছিল, দেশে ভয়ের সংস্কৃতি ছিল। এই কারণে দলটির নেতাকর্মীরা তখন দলীয় পরিচয় নিয়ে সামনে আসেননি,„ বলছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ও রাজনৈতিক বিশ্লেষক ড. জোবাইদা নাসরীন। তবে শেখ মুজিব হত্যাকাণ্ড আওয়ামী লীগের প্রতি জনমনে সহানুভূতি তৈরিতে ভূমিকা রেখেছিল বলে মনে করেন তিনি। তার মতে, ”বাংলাদেশে এটা অনস্বীকার্য সত্য যে, শেখ মুজিবের নেতৃত্বে বাংলাদেশে মুক্তিযুদ্ধ হয়েছিল। মুক্তিযুদ্ধ তখন মানুষের কাছে দগদগে স্মৃতি। প্রতিদিনকার জীবনযাপনে তখন স্বজন হারানোর বেদনা ছিল। তাই এই হত্যাকাণ্ড মানুষের মনে গভীর প্রতিক্রিয়া তৈরি করেছিল। সেই স্মৃতি ও সহানুভূতি পরে আওয়ামী লীগের রাজনীতিতে ফিরে আসার ক্ষেত্রে ভূমিকা রাখে।„ ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ও রাজনৈতিক বিশ্লেষক ড. এস এম শামীম রেজাও বলেন, ”সেই সময়ে আওয়ামী লীগ সরকারের বিভিন্ন রাজনৈতিক পদক্ষেপের সমালোচকরাও শেখ মুজিব হত্যাকাণ্ডকে সমর্থন করেননি।„ ”বিশেষ করে চার নেতার হত্যাকাণ্ড মানুষকে সাংঘাতিকভাবে নাড়া দিয়েছিল। সেদিক থেকে আওয়ামী লীগের নেতা-কর্মী ও সমর্থকদের ওপর প্রচ্ছন্নভাবে একটি সহানুভূতি তৈরি হয়েছিল। এই দুই হত্যাকাণ্ড আওয়ামী লীগকে মাঠ থেকে দূরে সরিয়ে দেয়নি,„ যোগ করেন তিনি। এছাড়া, প্রকাশ্যে জোরালো রাজনীতি না করতে পারলেও অনেক আওয়ামী লীগ নেতা তখন দেশের অভ্যন্তরে থাকায় দলটি পুরোপুরি নেতৃত্বহীন হয়ে যায়নি। তৃণমূলেও দলটির নেতাকর্মী ও সমর্থকদের একটি অংশ সক্রিয় ছিল।

এদিকে, শেখ হাসিনার বাংলাদেশে ফিরে আসার পর আওয়ামী লীগ ধীরে ধীরে পুনর্গঠিত হয় এবং আশির দশকে আবার রাজনীতিতে সক্রিয় হয়ে বিভিন্ন নির্বাচনে অংশ নেয়। এরশাদবিরোধী আন্দোলনসহ বিভিন্ন আন্দোলনে গুরুত্বপূর্ণ রাজনৈতিক শক্তি হিসেবে মাঠে ছিল আওয়ামী লীগ। তবে রাষ্ট্রক্ষমতায় ফিরতে আওয়ামী লীগকে অপেক্ষা

করতে হয় ২১ বছর। ১৯৯৬ সালের নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠন করে দলটি এবং প্রথমবারের মতো প্রধানমন্ত্রী হন শেখ হাসিনা। অধ্যাপক শামীম রেজা বলছিলেন, "২১ বছরের মধ্যে ১৩ থেকে ১৪ বছর আনুষ্ঠানিকভাবেই খুবই সক্রিয় ছিল আওয়ামী লীগ। আর তখন নিষিদ্ধের মাঝে না পড়ার কারণে দলটি তার কর্মকাণ্ড চালিয়ে যেতে পেরেছে। এত বিপুলসংখ্যক মানুষের বিরুদ্ধে মামলা-জেলজুলুমও তখন হয়নি। ওই সময়ে আওয়ামী লীগের হাজার-হাজার নেতাকর্মী কারাগারেও ছিল না।„

**২১শ আগস্ট : 'রাজনীতিতে চিরস্থায়ী দাগ কেটেছে'**

শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডের প্রায় তিন দশক পর, ২০০৪ সালের ২১ আগস্ট আবারও বড়ো ধরনের আঘাতের মুখে পড়ে আওয়ামী লীগের শীর্ষ নেতৃত্ব। ওইদিন ঢাকায় বঙ্গবন্ধু এভিনিউতে আয়োজিত আওয়ামী লীগের সমাবেশে হামলা হয়, যেখানে উপস্থিত ছিলেন তৎকালীন বিরোধী দলীয় নেতা শেখ হাসিনা। একটি ট্রাকের ওপর তৈরি অস্থায়ী মঞ্চে দাঁড়িয়ে বক্তব্য রাখছিলেন তিনি। ওই সময় গ্রেনেড বিস্ফোরণে ২৪ জন নিহত হন, আহত হন কয়েকশ মানুষ। নিহতদের মধ্যে ছিলেন আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক আইভি রহমান। হামলা থেকে প্রাণে বেঁচে গেলেও শেখ হাসিনা আহত হন এবং তার শ্রবণশক্তিও ক্ষতিগ্রস্ত হয়। হামলার পরপরই বিবিসি বাংলাকে দেওয়া এক সাক্ষাৎকারে শেখ হাসিনা ওই হামলার জন্য তখনকার বিএনপি নেতৃত্বাধীন জোট সরকারের বিরুদ্ধে অভিযোগের আঙুল তুলেছিলেন এবং হামলার দায় মাথায় নিয়ে সরকারকে পদত্যাগের আহ্বান জানিয়েছিলেন। তবে ২১ আগস্টের প্রভাব শুধু আওয়ামী লীগের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি। বিশ্লেষকদের মতে, বাংলাদেশের ইতিহাসে এখন পর্যন্ত ভয়াবহ সহিংসতার যেসব ঘটনা ঘটেছে, ওই হামলার ঘটনা তার একটি এবং ওই ঘটনা বাংলাদেশের রাজনীতিতে গভীর প্রভাবও ফেলেছে। বিশেষ করে, ঘটনাটি আওয়ামী লীগ ও বিএনপির সম্পর্কেও দীর্ঘস্থায়ী প্রভাব রেখেছে। আশির দশকের আন্দোলনগুলোতে কিংবা নব্বইয়ের স্বৈরাচারবিরোধী আন্দোলনে আওয়ামী লীগ ও বিএনপি পাশাপাশি আন্দোলন করেছে। রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা থাকলেও দুই দলের মধ্যে তখন যোগাযোগের জায়গা ছিল। কিন্তু ২১ আগস্টের পর সেই সম্পর্ক আরও বৈরী হয়ে ওঠে। অধ্যাপক শামীম রেজা বলেন, "ওই ঘটনা রাজনীতিতে চিরস্থায়ী দাগ কেটেছে। এত বড়ো ফাটল ও দূরত্ব তৈরি করেছে যে, এর পর রাজনীতি আর কখনোই আগের অবস্থায় ফিরে যেতে পারেনি।„ তিনি বলেন, ওই ঘটনার পর প্রধান দুই রাজনৈতিক দলের মধ্যে আস্থার সংকট এতটাই গভীর হয় যে, "নব্বইয়ের দশকে যেটুকু রাজনৈতিক সংস্কৃতি ছিল, তা পুরোপুরি নিশ্চিহ্ন হয়ে যায়। এটি শুধু মুখ দেখাদেখি না, একেবারেই যোগাযোগহীন করে ফেলে প্রধান দুই রাজনৈতিক দলকে।„

রাজনৈতিক বিশ্লেষক জোবাইদা নাসরীনও বলেন, "২১ আগস্টের আগ পর্যন্ত বাংলাদেশের রাজনীতিতে একটা শিষ্টাচার ছিল। দুই দলের নেতারা একে অপরের অনুষ্ঠানে যাচ্ছিলেন। কিন্তু ২১ আগস্ট দুই দলের মাঝে চিরস্থায়ী শত্রুতা তৈরি করেছিল।„ ওই ঘটনা দুই দলের বৈরিতাকে নতুন মাত্রা দিলেও একই সঙ্গে এটি আওয়ামী লীগের প্রতি মানুষের সহানুভূতিও এনে দিয়েছিল। ক্ষমতাসীন বিএনপির প্রতি অনেক মানুষের রাগ-ক্ষোভও ছিল। ফলে, পরবর্তী নির্বাচনে আওয়ামী লীগের জয়লাভের ক্ষেত্রেও এটি ভূমিকা রেখেছে বলে মত তার। তবে ২০০৮ সালের নির্বাচনে আওয়ামী লীগের বড়ো জয়ের পেছনে শুধু ২১ আগস্টের হামলাকে কারণ হিসেবে দেখছেন না অধ্যাপক শামীম রেজা। তার মতে, এক-এগারোর ঘটনাপ্রবাহ, দুই দলের সাংগঠনিক অবস্থা, তত্ত্বাবধায়ক সরকারের প্রশ্নে বিএনপির অবস্থান, বিএনপির পূর্ববর্তী কর্মকাণ্ড এবং তৎকালীন রাজনৈতিক পরিস্থিতিসহ আরও বেশ কিছু বিষয় সম্মিলিতভাবে ওই নির্বাচনের ফলাফলে ভূমিকা রেখেছিল।

**৫ আগস্ট : জনরোষ ও ক্ষমতাচ্যুতি**

পঁচাত্তরের বিপর্যয় কাটিয়ে আওয়ামী লীগ শেষ পর্যন্ত ঘুরে দাঁড়িয়েছিল। কিন্তু ৫ আগস্টের পর দলটি যে পরিস্থিতিতে পড়েছে, সেটিকে আরও জটিল বলে মনে করছেন বিশ্লেষকদের অনেকে। ২০০৯ সালে বিপুল জনসমর্থন নিয়ে যে দলটি সরকার গঠন করে, তারা টানা সাড়ে ১৫ বছরের বেশি ক্ষমতায় থাকার পর ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার তীব্র আন্দোলনের মুখে ক্ষমতাচ্যুত হয়। সেদিনই সামরিক বাহিনীর সহায়তায় দেশ থেকে পালিয়ে ভারতে আশ্রয় নেন শেখ হাসিনা। তার সাথে তার বোন শেখ রেহানাসহ পরিবারের সদস্যরাও ছিলেন। চাকরিতে কোটা ব্যবস্থা নিয়ে যে আন্দোলন শুরু হয়েছিল, তা পরে এক দফা অর্থাৎ শেখ হাসিনার পদত্যাগের দাবিতে রূপ নিয়েছিল। একের পর এক প্রশ্নবিদ্ধ নির্বাচন, মানবাধিকার ক্ষুণ্ণ হওয়ার অভিযোগ, দুর্নীতিসহ নানা ইস্যুতে আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে অসন্তোষ বাড়ে তখন। ওই আন্দোলন দমনে অতিরিক্ত শক্তি প্রয়োগ এবং ব্যাপক প্রাণহানির অভিযোগও রয়েছে শেখ হাসিনা সরকারের বিরুদ্ধে। জাতিসংঘের রিপোর্টে বলা হয়েছে, জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের সময় নিহতের সংখ্যা ১৪শ' জনের মতো হতে পারে। অন্যদিকে, মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় থেকে 'জুলাই শহিদের' সর্বশেষ যে তালিকা প্রকাশ করা হয়েছে, সেখানে নিহতের সংখ্যা দাঁড়িয়েছে ৮৪৩ জনে।

এদিকে, ৫ আগস্ট শুধু শেখ হাসিনা ও তার পরিবার নন, আওয়ামী লীগের শীর্ষ পর্যায়ের অনেক নেতা দেশ ছেড়েছেন, আত্মগোপনে গেছেন কিংবা পরে মামলার মুখে পড়েছেন। ফলে পঁচাত্তরের মতো এবারও দলটির সামনে বড়ো প্রশ্ন

হয়ে উঠেছে নেতৃত্ব ও সাংগঠনিক পুনর্গঠন। রাজনৈতিক বিশ্লেষক জোবাইদা নাসরীন মনে করেন, ৭৫ ও ৫ আগস্টের মধ্যে এখানে একটি বড়ো পার্থক্য রয়েছে। পঁচাত্তরে শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ডে অনেক মানুষ 'ব্যথিত' হয়েছিল বলে জনমনে আওয়ামী লীগের প্রতি সহানুভূতি তৈরি হয়েছিল। কিন্তু ২০২৪ সালে আওয়ামী লীগ ক্ষমতা হারিয়েছে ব্যাপক জনঅসন্তোষ ও আন্দোলনের মুখে। "মুক্তিযুদ্ধের নেতা শেখ মুজিব হত্যার শিকার হওয়ায় পাঁচ বছরের মধ্যেই তখন আওয়ামী লীগের ফিরে আসা সম্ভব হয়েছে। কিন্তু এখনকার পরিস্থিতি ভিন্ন। আওয়ামী লীগ এবার জনবিচ্ছিন্ন দলে পরিণত হয়েছিল। জনগণের মতামতকে তারা তোয়াক্কা করছিলো না।„ তার মতে, দীর্ঘদিন ক্ষমতায় থাকার সময় শেখ হাসিনার একচ্ছত্র নিয়ন্ত্রণ, পরিবারকেন্দ্রিক রাজনীতি এবং দলের ভেতরে গণতান্ত্রিক চর্চার অভাব আওয়ামী লীগকে দুর্বল করেছে। ফলে "পচাত্তরের পরে তাদের ফিরে আসতে যত কষ্ট হয়েছে, এখন তার দ্বিগুণ বা আরও বেশি সংগ্রামের মধ্য দিয়ে যেতে হবে আওয়ামী লীগকে।„ অধ্যাপক শামীম রেজাও বর্তমান সংকটকে আগের যে-কোনো সময়ের চেয়ে ভিন্ন এবং বড়ো বলে মনে করেন। কারণ, পঁচাত্তরের মতো এবার আওয়ামী লীগের শীর্ষ নেতৃত্বদের কেউ-ই দেশে নেই। তাই, বিকল্প নেতৃত্ব তৈরির সংকটকে বড়ো চ্যালেঞ্জ হিসেবে দেখছেন তিনি। এর সঙ্গে যুক্ত হয়েছে বাংলাদেশের রাজনীতিতে প্রজন্মগত পরিবর্তন। অধ্যাপক শামীম রেজার মতে, এখনকার তরুণ জনগোষ্ঠীর রাজনৈতিক চিন্তা, প্রত্যাশা ও নেতৃত্বকে গ্রহণ করার মানসিকতা আগের প্রজন্মের চেয়ে আলাদা। "বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কা, নেপালে যে পরিবর্তনগুলো হয়েছে, তা একটি ধারণা দিচ্ছে যে রাজনীতিতে একটি প্রজন্মগত পরিবর্তন হয়েছে।„ ফলে পুরোনো রাজনৈতিক কৌশল দিয়ে সমর্থন ফিরে পাওয়া তাদের জন্য কঠিন হতে পারে। তিনি বলছিলেন, আওয়ামী লীগ তাদের প্রথম শাসনামলে যে ভুলগুলো করেছিল, দেখা গেছে যে, ১৯৯৬ সালে ক্ষমতায় আসার পর নীতি-নির্ধারণের ক্ষেত্রে, অর্থনৈতিক পরিকল্পনার ক্ষেত্রে, এমনকি দলীয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তারা সেখান থেকে বেরিয়ে আসার চেষ্টা করেছে। "কিন্তু এবার এত বড়ো পরিবর্তন, যেখানে অসংখ্য মানুষের মৃত্যু জড়িত, সহিংসতা যুক্ত, যেখানে যেখানে রাষ্ট্রীয় নেতৃত্বকে-প্রশাসনকে-সিদ্ধান্ত গ্রহণকে প্রশ্ন করা হচ্ছে...সেখানে একেবারে অনুতাপহীনভাবে এটিকে কোনো গুরুত্ব না দিয়ে আওয়ামী লীগ রাজনীতিতে কতখানি প্রত্যাবর্তন করতে পারবে, এটি একটি বড়ো চ্যালেঞ্জ,„ বলেন অধ্যাপক শামীম রেজা। তাই আওয়ামী লীগ আবার ঘুরে দাঁড়াতে পারবে কি না, সেটি শুধু দলটির সাংগঠনিক শক্তির ওপর নির্ভর করছে না। নেতৃত্বে পরিবর্তন, অতীতের কর্মকাণ্ডের মূল্যায়ন এবং নতুন করে জনসমর্থন অর্জন করতে পারে কি না, তার ওপরই অনেকটা নির্ভর করবে দলটির ভবিষ্যৎ। তবে, দলটির ফিরে আসা প্রশ্নে অধ্যাপক জোবাইদা নাসরীন এও বলেছেন, "যখন কোনো ক্ষমতাসীন দলের প্রতি মানুষের অনাস্থা তৈরি হয়, সেটার ফল যায় বিরোধী দলের দিকে।„ অর্থাৎ, তিনি মনে করেন যে, গত দুই বছরে আওয়ামী লীগের প্রতি মানুষের সমর্থন কিছুটা বেড়েছে। তবে তা আওয়ামী লীগের যোগ্যতা বা কর্মকাণ্ডের কারণে নয়। "ইউনূসের শাসনামলে মুক্তিযুদ্ধকে আক্রমণ, মুক্তিযুদ্ধের ইতিহাসকে নিয়ে কথাবার্তা, ভাঙচুর, রাজনীতিতে জামায়াতের আধিপত্য, নারীর প্রতি ঘৃণা প্রদর্শন- এগুলো আওয়ামী লীগের প্রতি সমর্থন তৈরিতে সহায়তা করেছে। চব্বিশের নানা ধরনের বাহাস-ন্যারেটিভ; বর্তমানে অংশীদের মাঝে নানা ধরনের মতানৈক্য, সংঘর্ষ- এর বেনিফিটও যাচ্ছে আওয়ামী লীগের ঘরে।„ তাই, বাংলাদেশে আবারও আওয়ামী লীগের জনপ্রিয়তা বাড়লে সেই কৃতিত্ব আওয়ামী লীগের না, বরং এর দায় অন্তর্বর্তীকালীন সরকার ও বর্তমান বিএনপি সরকারের। কারণ তারা যখনই জনমনে আস্থা তৈরি করতে পারছে না, তখন মানুষের মনে হচ্ছে "আগেই ভালো ছিলাম„- যোগ করেন জোবাইদা নাসরীন।

**বারবার আগস্ট : নিছক ঘটনাচক্র নাকি যোগসূত্র আছে?**

তাহলে আওয়ামী লীগের ইতিহাসের বড় এই তিনটি ঘটনা আগস্টেই ঘটার পেছনে কি কোনো যোগসূত্র রয়েছে, নাকি এটি শুধুই ঘটনাচক্র? রাজনৈতিক বিশ্লেষক জোবাইদা নাসরীন মনে করেন, ১৫ আগস্ট ও ২১ আগস্টের মধ্যে একটি যোগসূত্র খোঁজার সুযোগ থাকলেও ৫ আগস্টের ঘটনাকে একইভাবে দেখা কঠিন। তার মতে, "১৫ আগস্ট ও ২১ আগস্ট– পরিকল্পিত ছকে বাঁধা। আগস্টকে কেন্দ্র করেই ২১ আগস্ট হয়েছে বলে মনে করি। ১৫ আগস্টে একটি পরিবার শেষ হয়েছে। ২১ আগস্ট একটি বড়ো ধরনের হত্যাকাণ্ড ঘটেছে। কিন্তু গণ-অভ্যুত্থান, প্ল্যান করে হয়েছে বলে আমি মনে করি না।„ অধ্যাপক শামীম রেজা অবশ্য তিনটি ঘটনার মধ্যে সরাসরি কোনো যোগসূত্র খুঁজে পাওয়া কঠিন বলেই মনে করেন। কারণ ঘটনাগুলোর সময় ও প্রেক্ষাপট আলাদা এবং লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে এক কোনো রাজনৈতিক ব্যাখ্যা নেই। "খুব নির্মোহভাবে, যুক্তি দিয়ে দেখলে এখানে কোনো যোগসূত্র খুঁজে পাওয়া কঠিন, কাকতালীয় বলেই মনে হয়,„ বলছিলেন তিনি। "তিনটি ঘটনার মধ্যে একটি সাধারণ মিল হলো, প্রতিটি ঘটনাই অত্যন্ত সহিংস। ঘটনাগুলোতে হত্যাকাণ্ডের মতো বিষয় যুক্ত। তখনকার সময় যারা এই পরিকল্পনা করেছেন, তাদের প্রতীকী কোনো উদ্দেশ্য ছিল কি না, এটি ঐতিহাসিক বিশ্লেষণেও স্পষ্টভাবে উঠে আসেনি।„ "আর, সেদিক থেকে চিন্তা করলে...১৫ আগস্ট একটি দেশের জাতীয় দিবসের সাথে মিলে যায়। অন্য দুটোকে মেলানো যায় না,„ আরও বলেন অধ্যাপক শামীম রেজা। তিনি জানান, ২১ আগস্টের হামলার ক্ষেত্রে অগাস্ট মাসকে প্রতীকীভাবে বেছে নেওয়া হয়েছিল কি না, তার স্পষ্ট কোনো ঐতিহাসিক প্রমাণ পাওয়া যায়নি। "আর চব্বিশের গণ-অভ্যুত্থান যেভাবে সংঘটিত হয়েছে এবং

যেভাবে আন্দোলনটা এক দফা দাবিতে পরিণত হয়েছে, সেটিকে ওইভাবে পরিকল্পনা করে, নির্দিষ্ট দিনক্ষণ হিসেব করে, একদম অগাস্ট মাসেই ফেলা হয়েছে, এই ধরনের তথ্য প্রমাণ হাজির করা কঠিন।„ ফলে, কোনো তত্ত্বেই এগুলোর মাঝে যোগসূত্র তৈরি করা না গেলেও ভিন্ন ভিন্ন বাস্তবতায় ঘটে যাওয়া এই তিনটি ঘটনা আওয়ামী লীগের রাজনৈতিক ইতিহাসকে পাল্টে দিয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্র ইরানের বন্দরগুলোতে নৌ অবরোধ 'অনির্দিষ্টকালের জন্য' বজায় রাখতে পারে: হেগসেথ

মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, দেশটির নৌবাহিনী ইরানের বন্দরগুলোতে `অনির্দিষ্টকালের জন্য, অবরোধ বজায় রাখতে পারে। হরমুজ প্রণালি পুনরায় খোলার শর্ত হিসেবে তেহরান অবরোধ তুলে নেওয়ার দাবি জানানোর প্রেক্ষাপটে তিনি এই মন্তব্য করেন। বৃহস্পতিবার সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে হেগসেথ বলেন, যুক্তরাষ্ট্র "পর্যায়ক্রমে জাহাজ আনা-নেওয়া করবে" এবং অবরোধ অব্যাহত রাখবে। ওয়াল স্ট্রিট জার্নাল মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, তাদের দেশ ইউএসএস আব্রাহাম লিঙ্কনের পরিবর্তে পারমাণবিক শক্তিচালিত বিমানবাহী রণতরী ইউএসএস জর্জ ওয়াশিংটনকে মধ্যপ্রাচ্যে পাঠানোর প্রস্তুতি নিচ্ছে। সংবাদপত্রটি জানিয়েছে, টোকিওর অদূরের ইয়োকোসুকা ভিত্তিক জর্জ ওয়াশিংটন জাহাজটি এই সপ্তাহে মালাক্কা প্রণালি অতিক্রম করেছে। দুই দেশের মধ্যে আলোচনার ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তার কারণে নৌপরিবহণের উপর এর প্রভাব বাড়ছে।
(এনএইচকে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

### অসহায় ৯ শ্রমিকের মৃত্যু; কোম্পানি কি দায় এড়াতে পারে?

বাংলাদেশের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডিআইএফই) জানিয়েছে, একাধিকবার তাগিদ দেওয়ার পরও পেশাগত নিরাপত্তা নিশ্চিত না করার অভিযোগে গত ১৫ জুলাই সীতাকুণ্ডের ফেরদৌস করপোরেশন লিমিটেডের বিরুদ্ধে শ্রম আদালতে মামলা করেছিল। কিন্তু এরপরেও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত না করে শিপইয়ার্ডের কাজ চালানোর একপর্যায়ে আজ শুক্রবার বিষাক্ত গ্যাস ছড়িয়ে ৯ জন শ্রমিকের মৃত্যু হয়েছে। চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার ভাটিয়ারী এলাকায় ওই প্রতিষ্ঠানের ফেরদৌস স্টিলের শিপ ব্রেকিং ইয়ার্ডে আজ সকাল ৮টার দিকে এ ঘটনা ঘটে। ডিআইএফইয়ের এক তাৎক্ষণিক প্রতিবেদনে বলা হয়, ইয়ার্ডে নোঙর করা এলএনজি পরিবহণ করা একটি পুরোনো জাহাজের ভেতরে স্ক্র্যাপ কাটিংয়ের কাজ করছিলেন শ্রমিকরা। কাজ চলাকালে হঠাৎ জাহাজের ভেতরে গ্যাস লিকেজ হয়ে অতিরিক্ত কার্বন মনোক্সাইড ছড়িয়ে পড়ে। এতে অক্সিজেনের অভাবে তীব্র শ্বাসকষ্ট ও অনেক শ্রমিক অচেতন হয়ে পড়েন। পরে ঘটনাস্থলেই ৫ শ্রমিক মারা যান। হাসপাতালে নেওয়ার পর ও চিকিৎসাধীন অবস্থায় আরও ৩ জন মারা যান। বিকেলে চট্টগ্রামের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান আরেক শ্রমিক। এ ঘটনায় আরও ১০-১২ জন শ্রমিক অসুস্থ ও গুরুতর আহত হয়ে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

এদিকে, দুর্ঘটনার খবর পেয়ে ডিআইএফইয়ের প্রতিনিধি দল কারখানা পরিদর্শনে গেলে স্থানীয় উত্তেজিত জনতার মারধরে ২ শ্রম পরিদর্শক গুরুতর আহত হন। প্রতিবেদন সূত্রে জানা গেছে, ডিআইএফই চট্টগ্রাম কার্যালয় থেকে কারখানাটি পূর্বে একাধিকবার পরিদর্শন করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। চট্টগ্রাম কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপ-মহাপরিদর্শক মোহাম্মদ মাহবুবুল হাসান গণমাধ্যমকে বলেছেন, 'নিয়মিত পরিদর্শনের অংশ হিসেবে ওই শিপইয়ার্ডে গিয়ে কিছু ব্যত্যয় দেখতে পান কর্মকর্তারা। এরপর এ বছরের ২ ফেব্রুয়ারি ফেরদৌস স্টিলকে একটি নোটিশ দেওয়া হয়।' 'এরপর কয়েক দফা তাগিদ দেওয়ার পরও কারখানা কর্তৃপক্ষ নির্দেশনা বাস্তবায়ন না করায় গত ১৫ জুলাই চট্টগ্রাম শ্রম আদালতে কারখানাটির বিরুদ্ধে মামলা দায়ের করা হয়,' বলেন তিনি। পরিদর্শক মো. সাহেদ পারভেজ তালুকদার বাদী হয়ে এ মামলাটি করেছিলেন। অধিদপ্তরের প্রতিবেদন অনুযায়ী, ২ ফেব্রুয়ারি প্রথমবার কারখানা পরিদর্শন করে বেশ কিছু নিরাপত্তা ত্রুটি চিহ্নিত করে সংশোধনের জন্য কারখানা কর্তৃপক্ষকে নোটিশ দেওয়া হয়। এরপর ৪ মে আবার পরিদর্শন করে আগের নির্দেশনার অগ্রগতি না দেখে তাগিদ দেওয়া হয়।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৪.০৮.২০২৬ নারগীস)

### স্বাধীনতা দিবসের আগে লালকেল্লা, দিল্লি বিমানবন্দরসহ বহু জায়গায় বিস্ফোরণের হুমকি

ভারতে স্বাধীনতা দিবসের আগের দিনই দিল্লিতে বিস্ফোরণের হুমকিবার্তা ঘিরে শোরগোল। সূত্রের খবর, স্বাধীনতা দিবসের আগে শুক্রবার দিল্লি হাইকোর্ট, ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল-৩-সহ রাজধানীর একাধিক গুরুত্বপূর্ণ জায়গায় বিস্ফোরণের হুমকি আসে। হাইকোর্টে পাঠানো ই-মেইলে লালকেল্লাকে নিশানা করার কথাও উল্লেখ ছিল। সেই হুমকিবার্তা পাওয়ার পরই ওই জায়গাগুলোর নিরাপত্তা আরও আঁটোসাঁটো করা হয়েছে। স্বাধীনতা দিবস উপলক্ষ্যে এমনিতেই রাজধানী জুড়ে বাড়তি নিরাপত্তার ব্যবস্থা থাকে। কোনও রকম অপ্রীতিকর পরিস্থিতি যাতে না হতে

হয়, তার জন্য নিশ্ছিদ্র নিরাপত্তায় মুড়ে ফেলা হয় রাজধানীকে। সূত্রের খবর, শুক্রবার সকাল ১১টা ৪৩ মিনিটে দিল্লি হাইকোর্টে একটি ই-মেইলে হুমকি আসে। সেখানে ১৫ আগস্টের কথা উল্লেখ করে লেখা হয়, ”লালকেল্লাকে নিশানা করা হবে।„ সূত্রের খবর, ওই ই-মেইলে এটাও বলা হয়, যাদের এই বোমা বিস্ফোরণের কাজে নিয়োগ করা হয়েছে, তারা সকলেই খাকি পোশাকে থাকবেন। সেই ই-মেইল পাওয়ার পরই দিল্লি হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল পুলিশের সঙ্গে যোগাযোগ করেন। নিরাপত্তা বাড়ানো হয় দিল্লি হাইকোর্টের। বম্ব স্কোয়াড আসে। তন্ন তন্ন করে তল্লাশি চালানো হয়। তবে সূত্রের খবর, সন্দেহজনক কোনও কিছু পাওয়া যায়নি। ওই সূত্রের দাবি, ই-মেইলে `খলিস্তান,-এর নাম উল্লেখ করা হয়েছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৪.০৮.২০২৬ নারগীস)

## ডয়চে ভেলে

### সীতাকুণ্ডে জাহাজভাঙা কারখানায় বিষক্রিয়ায় ৮ জনের মৃত্যু

চট্টগ্রামের সীতাকুণ্ডের ভাটিয়ারীর একটি জাহাজভাঙা কারখানায় স্ক্র্যাপ জাহাজের গ্যাস সিলিন্ডার থেকে ছড়িয়ে পড়া বিষাক্ত গ্যাসে ৮ জনের মৃত্যু হয়েছে।আজ শুক্রবার সকাল নয়টার দিকে ভাটিয়ারী ইউনিয়নের স্টেশন রোড এলাকার ফেরদৌস স্টিল নামের একটি কারখানায় এ ঘটনা ঘটে। মারা যাওয়া আট শ্রমিকের মধ্যে চারজনের নাম-পরিচয় জানা গেছে। তারা হলেন, সানি জলদাস (২২), পলাশ জলদাস (২৭) এবং দুই সহোদর মনসুর আলী (৪০) ও নাসির উদ্দিন (৩৮)। তারা ভাটিয়ারী এলাকার বাসিন্দা। নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় এক বাসিন্দা ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, সকালে হঠাৎ করে কারখানার ভেতর থেকে মানুষের চিৎকার শুরু হয়। তারা কারখানায় গেলে দেখতে পান, অসুস্থ কিছু লোককে গাড়িতে করে হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছে। এরপর স্ক্র্যাপ জাহাজের ভেতরে কয়েকজন মৃত পড়ে রয়েছেন—এমন খবর ছড়িয়ে পড়লে স্থানীয় লোকজন বিক্ষুব্ধ হয়ে কারখানার ভেতরে ঢুকে ভাঙচুর করেন। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আরেক বাসিন্দা জানান, তাদের দুটি নৌকা ইলিশ ধরে সাগর থেকে উপকূলের দিকে আসছিল। তবে গ্যাসের গন্ধের কারণে তারা উপকূলের দিকে আসতে পারেননি। তিনি বলেন, কারখানাটির ভেতর থেকে বের হওয়া গ্যাসের গন্ধের তীব্রতা এত বেশি ছিল যে, সাগরে ইলিশ ধরতে যাওয়া জেলেরা কারখানাটির পাশের খালে প্রবেশ করতে পারেননি। তাদের অন্তত আধা কিলোমিটার দূরে গিয়ে ঘাটে নৌকা ভেড়াতে হয়েছে। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের দায়িত্বরত চিকিৎসক ইশতিয়াক রহমান জানান, ওই কারখানা থেকে দুই দফায় সাতজনকে হাসপাতালে আনা হয়। এর মধ্যে ছয়জনকে মৃত অবস্থায় আনা হয়েছে। তাদের লাশ মর্গে রাখা হয়েছে। অপরজনকে চিকিৎসা দেওয়া হচ্ছে। এদিকে ঘটনাস্থলে দুজনের লাশ রয়েছে বলে জানান সীতাকুণ্ড থানার পরিদর্শক (তদন্ত) মো. আলমগীর। সকালে জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯-এ ফোন পেয়ে ঘটনাস্থলে গিয়েছিলেন বলে জানান ফায়ার সার্ভিস চট্টগ্রামের সহকারী পরিচালক তৌফিকুল ইসলাম। তিনি বলেন, ফেরদৌস স্টিল শিপব্রেকিং ইয়ার্ড ও রিসাইক্লিং কারখানায় যে জাহাজ কাটা হচ্ছে, সেটি এলএনজি বহন করতো। এ ধরনের জাহাজগুলো আগে গ্যাসমুক্ত করে তারপর কাটতে হয়। কিছু কিছু ট্যাংকে ক্লোরিন, কার্বন মনোক্সাইড, কার্বন ডাই-অক্সাইড থাকতে পারে। তিনি বলেন, কারখানা কর্তৃপক্ষ ট্যাংক গ্যাসমুক্ত না করে কাটার কারণে এ দুর্ঘটনা ঘটেছে। সেখানে শ্রমিকদের নিরাপত্তাব্যবস্থাও খুবই দুর্বল ছিল। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রনি)

### ১৫ আগস্ট ঘিরে নাশকতার পরিকল্পনার অভিযোগে ৫২ জন কারাগারে

বাংলাদেশের রাজধানী ঢাকার বসুন্ধরা আবাসিক এলাকায় নাশকতার পরিকল্পনার অভিযোগে করা মামলায় গ্রেপ্তার ৫২ জনকে কারাগারে পাঠিয়েছে আদালত।এ ছাড়া অপ্রাপ্তবয়স্ক হওয়ায় ঈশান ও হাসিব নামের দুজনকে গাজীপুরের টঙ্গী শিশু উন্নয়ন কেন্দ্রে পাঠানোর নির্দেশ দিয়েছে আদালত। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম আজ শুক্রবার এ আদেশ দেন। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) প্রসিকিউশন বিভাগের উপপরিদর্শক (এসআই) কামাল হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। এসআই কামাল হোসেন বলেন, গ্রেপ্তার ৫৪ জনের মধ্যে ৫২ জনকে কারাগারে পাঠানো হয়েছে। অন্য দুজনকে পাঠানো হয়েছে কিশোর উন্নয়ন কেন্দ্রে। গ্রেপ্তার ব্যক্তিদের মধ্যে একজন নারী রয়েছেন। এর আগে আসামিদের কারাগারে আটকে রাখার আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা ও ভাটারা থানার উপপরিদর্শক (এসআই) মো. হাফিজুর রহমান। আবেদনে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তার আসামিদের বিরুদ্ধে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। মামলার তদন্তকাজ এখনো চলছে। তদন্তের স্বার্থে আসামিদের আরও জিজ্ঞাসাবাদ করার প্রয়োজন হতে পারে। আসামিরা জামিন পেলে আত্মগোপনে চলে যেতে পারেন। তাই তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তাদের কারাগারে আটকে রাখা প্রয়োজন। আজ শুনানিতে আসামিদের হাজির করা হয়নি। তাদের পক্ষে আদালতে কোনো জামিনের আবেদনও করা হয়নি। এর আগে ভাটারা থানার এসআই আসাদুজ্জামান বাদী হয়ে সন্ত্রাসবিরোধী আইনে একটি মামলাটি করেন। মামলার নথি থেকে জানা যায়, গতকাল বৃহস্পতিবার রাতে বসুন্ধরা আবাসিক এলাকার `এম' ব্লকের ২৮ নম্বর সড়কের একটি বাসায় অভিযান চালায় পুলিশ। পুলিশের দাবি, গ্রেপ্তার হওয়া ব্যক্তিরা কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও যুব মহিলা লীগ এবং নিষিদ্ধঘোষিত

ছাত্রলীগের সঙ্গে জড়িত। ১৫ আগস্ট উপলক্ষে তারা ওই বাসার দ্বিতীয় তলার একটি ফ্ল্যাটে জড়ো হয়ে নাশকতার পরিকল্পনা করছিলেন। মামলার নথিতে আরো বলা হয়েছে, অভিযানের সময় তাদের কাছ থেকে দুটি আইফোন, একটি স্যামসাং গ্যালাক্সি এস২৫ আলট্রা মুঠোফোন ও তিনটি ব্যানার জব্দ করা হয়। জব্দ করা ব্যানারে ১৫ আগস্ট উপলক্ষে আলোচনা সভা ও মিলাদ মাহফিলের কথা লেখা ছিল। পুলিশ জানায়, ব্যানারে সংগঠনের নেতা-কর্মীদের ছবিও ছিল। মামলার নথি অনুযায়ী, আসামিরা সরকারবিরোধী স্লোগান দিচ্ছিলেন। তারা রাজনৈতিক কর্মসূচির নামে দেশে অস্থিতিশীল পরিস্থিতি ও আতঙ্ক সৃষ্টির পরিকল্পনা করছিলেন। তাদের বিরুদ্ধে নাশকতা, সন্ত্রাসী কর্মকাণ্ডে সহায়তা, ষড়যন্ত্র এবং অপরাধ সংঘটনের চেষ্টার অভিযোগ আনা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রনি)

## জাগো নিউজ

### সীতাকুণ্ড শিপইয়ার্ডে শ্রমিক নিহতের ঘটনা `মর্মান্তিক,

সীতাকুণ্ডের ফেরদৌস স্টিল শিপ ব্রেকিং ইয়ার্ডে এলএনজিবাহী জাহাজ কাটার সময় বিষাক্ত গ্যাস ছড়িয়ে শ্রমিক নিহতের ঘটনাকে `খুবই মর্মান্তিক দুর্ঘটনা, বলে মন্তব্য করেছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। শুক্রবার (১৪ আগস্ট) বিকেলে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে নিহত শ্রমিকদের স্বজনদের সান্ত্বনা দিতে এবং আহতদের চিকিৎসার খোঁজ নিতে গিয়ে এ কথা বলেন তিনি। আমির খসরু বলেন, এ ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হবে। কমিটির প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। এখানে কারও পক্ষে-বিপক্ষে কিছু নেই। সরকারের দায়িত্ব হচ্ছে তদন্তের মাধ্যমে সঠিক তথ্য বের করে আনা। তিনি বলেন, বাংলাদেশ শিপ ব্রেকার্স অ্যান্ড রিসাইক্লার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে নিহত প্রত্যেক শ্রমিকের পরিবারকে ১০ লাখ টাকা করে দেওয়া হচ্ছে। সরকারের পক্ষ থেকেও নিহতদের পরিবারকে সহায়তা দেওয়া হবে। ঘটনাস্থলে সেনাবাহিনীর একটি দল পাঠানো হয়েছে জানিয়ে আমির খসরু বলেন, তারা গ্যাস নির্গমন বন্ধের চেষ্টা করছে। শিল্প খাতে নিরাপত্তা ও কমপ্লায়েন্স নিশ্চিত করার ওপর সরকারের গুরুত্বের কথা তুলে ধরে তিনি বলেন, সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই শিল্পের কমপ্লায়েন্সের ওপর জোর দেওয়া হচ্ছে। হংকং চার্টার গ্রেডিং করে গ্রিন শিপব্রেকিং ইয়ার্ডের। তারা এ বিষয়ে সনদ দেয়। তিনি বলেন, সরকার হিসেবে আমাদের দায়িত্ব হচ্ছে কমপ্লায়েন্সের কোনো ঘাটতি ছিল কি না, তা দেখা। যদি ঘাটতি থেকে থাকে, তাহলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। এ সময় চট্টগ্রামের জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা, বিএনপি নেতা আবুল হাশেম বক্কর, চট্টগ্রাম কাস্টমস এজেন্টস অ্যাসোসিয়েশনের সভাপতি ও চেম্বারের পরিচালক এস এম সাইফুল আলমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

### ১৫ আগস্ট ঘিরে নিরাপত্তা নিশ্চিতে মাঠে থাকছে সোয়াট-বোম্ব ডিসপোজাল ইউনিট

ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) ১৫ আগস্টকে কেন্দ্র করে রাজধানীজুড়ে নিশ্ছিদ্র নিরাপত্তা জোরদার করেছে। যে কোনো ধরনের অপ্রীতিকর পরিস্থিতি মোকাবিলায় সোয়াট, বোম্ব ডিসপোজাল ও কে-নাইন ইউনিটসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে মোতায়েন থাকবে। শুক্রবার (১৪ আগস্ট) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। তিনি বলেন, ১৫ আগস্ট কেন্দ্র করে রাজধানী ঢাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং নগরবাসীর নিরাপত্তা নিশ্চিত করতে ব্যাপক ও বহুমাত্রিক নিরাপত্তাব্যবস্থা নিয়েছে ডিএমপি। যে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা বা জননিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা মোকাবিলায় পুরো রাজধানীকে কঠোর নিরাপত্তা বলয়ের আওতায় আনা হয়েছে। এ লক্ষ্যে যেসব নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে তার মধ্যে আছে- রাজধানীজুড়ে পিকেট ও চেকপোস্ট ডিউটি পরিচালনা করা হচ্ছে। মহানগরের সব প্রবেশপথে চেকপোস্ট ও তল্লাশি কার্যক্রম জোরদার থাকবে। ডিবি ও সিটিটিসির সদস্যরা অপারেশনাল কার্যক্রমে মোতায়েন থাকবেন। সোয়াট, বোম্ব ডিসপোজাল ইউনিট ও কে-নাইন ইউনিট গুরুত্বপূর্ণ স্থান ও জনসমাগমস্থলে সুইপিং কার্যক্রম পরিচালনা করবে। গুরুত্বপূর্ণ স্থাপনাগুলো বিশেষ নিরাপত্তা পরিকল্পনার আওতায় আনা হয়েছে। এসব এলাকা সিসিটিভি ক্যামেরা ও ড্রোনের মাধ্যমে নজরদারির আওতায় থাকবে। সিটিএসবি ও আইএডির সদস্যরা সাদা পোশাকে গোয়েন্দা কার্যক্রম পরিচালনা ও তথ্য সংগ্রহ অব্যাহত রাখবে। এছাড়া সার্বিক নিরাপত্তা জোরদার করতে অতিরিক্ত র‍্যাব ও সিআইডি টিম মোতায়েন থাকবে। যে কোনো জরুরি পরিস্থিতি দ্রুত মোকাবিলায় পর্যাপ্ত কুইক রেসপন্স টিম (কিউআরটি) প্রস্তুত ও মোতায়েন থাকবে। স্বাভাবিক মোতায়েনের বাইরে অতিরিক্ত অফিসার ও ফোর্স রাজধানীর বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্ট, অনুষ্ঠানস্থল, মেট্রোরেল স্টেশন, বাস টার্মিনাল, লঞ্চঘাট, ট্রেন স্টেশন ও শপিংমলসহ সংবেদনশীল এলাকায় মোতায়েন থেকে নিশ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করবে। ডিএমপির সব উর্ধ্বতন কর্মকর্তা সরেজমিনে মাঠে থেকে নিজ নিজ অধিক্ষেত্রের নিরাপত্তা ব্যবস্থা তদারকি করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

### পটিয়ায় তোহা হত্যায় জড়িতদের গ্রেফতারে ৪৮ ঘণ্টার আলটিমেটাম এলাকাবাসীর

চট্টগ্রামের পটিয়ায় অ্যাডভোকেট ক্লার্কস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোহাম্মদ তোহা (৪৮) হত্যার ঘটনায় জড়িতদের গ্রেফতারে ৪৮ ঘণ্টার আলটিমেটাম দিয়েছেন এলাকাবাসী। শুক্রবার (১৪ আগস্ট) বিকেল ৩টায় চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পটিয়ার পাচুরিয়া এলাকায় আয়োজিত মানববন্ধন থেকে তোহার পরিবার ও এলাকাবাসী এ আলটিমেটাম দেন। মানববন্ধনে হাবিলাসদ্বীপ ইউনিয়নের শতাধিক মানুষ অংশ নিয়ে হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেফতার ও শাস্তির দাবি জানান। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পূর্ববিরোধ ও কলা চুরির প্রতিবাদ করাকে কেন্দ্র করে গত ৩১ জুলাই রাতে উপজেলার হাবিলাসদ্বীপ ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের মোনাফ হাজীর পাড়া নতুনবাড়ি এলাকায় মোহাম্মদ তোহাকে মারধর করা হয়। পরে মারা যান তিনি। তোহা ওই এলাকার প্রয়াত আবুল বশরের ছেলে। তিনি পটিয়া অ্যাডভোকেট ক্লার্কস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ছিলেন। এ ঘটনায় মোহাম্মদ আনোয়ার (২৯) নামে একজনকে গ্রেফতার করে পুলিশ। মানববন্ধনে বক্তব্য দেন নিহত মোহাম্মদ তোহার মেয়ে মোছাম্মৎ মারওয়া, বোন রোকেয়া বেগম ও সাতারা বেগম, ভাগিনা শওকত বাবু, এলাকাবাসীর পক্ষে ওমর ফারুক, মোহাম্মদ ফোরকানসহ অন্যরা। মানববন্ধনে তোহার মেয়ে মারওয়া প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, তার বাবার হত্যাকারীদের দ্রুত বিচারের আওতায় আনতে হবে। বিচার না হলে হত্যাকারীরা ভবিষ্যতে এ ধরনের ঘটনা আরও ঘটাতে পারে। তাই তার পরিবারের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন তিনি। এলাকাবাসী বলেন, তোহা হত্যাকাণ্ডে জড়িতরা এর আগেও বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত ছিল বলে অভিযোগ রয়েছে। এসব ঘটনার সুষ্ঠু বিচার না হওয়ায় তারা তোহাকে পরিকল্পিতভাবে হত্যা করেছে বলে দাবি করেন তারা। বক্তারা আরও বলেন, হত্যাকাণ্ডের পর দুই সপ্তাহ পেরিয়ে গেলেও জড়িত সবাইকে আইনের আওতায় আনা হয়নি। প্রশাসনের এ নীরবতা তাদের উদ্বিগ্ন করে তুলেছে। আগামী ৪৮ ঘণ্টার মধ্যে হত্যাকাণ্ডে জড়িত সবাইকে গ্রেফতার করা না হলে তারা রাজপথে নামতে বাধ্য হবেন বলে হুঁশিয়ারি দেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## সাবেক বিমানবাহিনী প্রধান রফিকুল ইসলামের জানাজা অনুষ্ঠিত

বাংলাদেশ বিমানবাহিনীর সাবেক প্রধান এয়ার ভাইস মার্শাল (অব.) মোহাম্মদ রফিকুল ইসলাম গতকাল বৃহস্পতিবার (১৩ আগস্ট) ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে মারা যান (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আজ শুক্রবার (১৪ আগস্ট) ঢাকা সেনানিবাসে অবস্থিত বাংলাদেশ বিমানবাহিনী ঘাঁটি বাশারের প্যারেড গ্রাউন্ডে সামরিক মর্যাদায় মরহুমের নামাজে জানাজা এবং ফিউনারেল প্যারেড অনুষ্ঠিত হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। আইএসপিআর জানায়, সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান ভাইস এডমিরাল খোন্দকার মিসবাহ উল আজীম, বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পক্ষ থেকে ব্যবস্থাপনা পরিচালক কাইজার সোহেল আহমেদ অনুষ্ঠানস্থলে উপস্থিত থেকে মরহুমের কফিনে পুষ্পস্তবক অর্পণ করে তার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন। এ সময় সাবেক বিমানবাহিনী প্রধান এয়ার ভাইস মার্শাল (অব.) মোহাম্মদ রফিকুল ইসলামের পরিবারের সদস্য, সরকারি উচ্চপদস্থ কর্মকর্তা, সামরিক বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তা এবং অন্যান্য পদবীর সদস্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মরহুমের সম্মানার্থে বাংলাদেশ বিমানবাহিনী কর্তৃক ফ্লাই পাস্ট অনুষ্ঠিত হয়। ফিউনারেল প্যারেড শেষে সামরিক মর্যাদায় সাবেক বিমানবাহিনী প্রধান এয়ার ভাইস মার্শাল মোহাম্মদ রফিকুল ইসলামকে বিমানবাহিনী ঘাঁটি বাশারে অবস্থিত শাহীন কবরস্থানে দাফন করা হয়। এয়ার ভাইস মার্শাল মোহাম্মদ রফিকুল ইসলাম ১৯৫২ সালের ২ ফেব্রুয়ারি চাঁদপুর জেলার মতলব থানাধীন বাইশপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার বাবার নাম মরহুম আব্দুল আউয়াল এবং মাতার নাম হোসনে আরা বেগম। তিনি ১৯৬৭ সালে পিএএফ কলেজ, সারগোদা থেকে সিনিয়র ক্যামব্রিজ সম্পন্ন করেন। তিনি ১৯৬৮ সালের ২ আগস্ট পাকিস্তান বিমানবাহিনী একাডেমিতে যোগদান করেন এবং ১৯৭১ সালের ১৩ মার্চ পাকিস্তান বিমানবাহিনীতে জিডি(পি) শাখায় কমিশন লাভ করেন। এছাড়াও, এয়ার ভাইস মার্শাল মোহাম্মদ রফিকুল ইসলাম ১৯৭১ সালে পেশওয়ার বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ডিগ্রি অর্জন করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## গ্যাসের সংকটে স্থবির চট্টগ্রাম, বাড়ছে জনভোগান্তি

গ্যাসের তীব্র সংকটে চট্টগ্রামের শিল্পকারখানার উৎপাদন কার্যত থমকে গেছে। কোথাও উৎপাদন সক্ষমতার অর্ধেকের নিচে নেমেছে, আবার কোনো কোনো কারখানায় পুরোপুরি বন্ধ রয়েছে উৎপাদন। গ্যাসের চাপ কম থাকায় ব্যাহত হচ্ছে বিদ্যুৎ উৎপাদনও। শিল্পের পর এবার সংকটের বড় ধাক্কা লেগেছে পরিবহন খাতে। নগরের বিভিন্ন সিএনজি স্টেশনে গ্যাস নিতে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হচ্ছে চালকদের। কোথাও দীর্ঘ হচ্ছে যানবাহনের সারি, আবার কোথাও গ্যাস না পেয়ে ফিরে যেতে হচ্ছে চালকদের। এতে সড়কে গণপরিবহনের সংখ্যা কমে গিয়ে ভোগান্তিতে পড়ছেন যাত্রীরা। একদিকে কারখানার উৎপাদন বন্ধ, অন্যদিকে পরিবহন সংকট- সব মিলিয়ে চট্টগ্রামের অর্থনৈতিক কর্মকাণ্ড ও নগরজীবনে এর প্রভাব পড়তে শুরু করেছে। গ্যাসের জন্য দিনের বড় একটি সময় স্টেশনে অপেক্ষা করায় আয় কমে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন সিএনজি অটোরিকশাচালকেরা। বৃষ্টি উপেক্ষা করে সকাল ৬টায় গ্যাসের

জন্য লাইনে দাঁড়িয়েছিলেন সিএনজি অটোরিকশাচালক নুরুল আলম। এক-দুই ঘণ্টা নয়, টানা ছয় ঘণ্টা অপেক্ষার পরও তার গাড়ির সিরিয়াল এগোয়নি। দুপুর ১২টা বাজলেও গ্যাসের দেখা মেলেনি। ফিরিঙ্গী বাজার থেকে কর্ণফুলী প্রাকৃতিক গ্যাস লিমিটেডের ফিলিং স্টেশনে এসে এমন দুর্ভোগে পড়েছেন নুরুল আলমের মতো শত শত চালক। গ্যাসের চাপ কম থাকায় কোথাও পাম্প বন্ধ, কোথাও আবার সামান্য চাপ পেলেই চালু হচ্ছে সরবরাহ। এতে ঘণ্টার পর ঘণ্টা স্টেশনের সামনে আটকে থাকছে গণপরিবহন। নুরুল আলমের আক্ষেপ, সকাল ৬টায় এসে লাইনে দাঁড়িয়েছি। এখন দুপুর ১২টা বাজে। শুরুতে নাকি অল্প গ্যাস ছিল, এখন চাপ একেবারেই নাই, পাম্পও বন্ধ। দিনটাই শেষ, কীভাবে গাড়ি চালাব জানি না। শুধু নুরুল আলম নন, গ্যাস সংকটে কার্যত স্থবির হয়ে পড়েছে চট্টগ্রামের পরিবহন, শিল্প ও আবাসিক জীবন। গ্যাসের অভাবে কারখানার উৎপাদন কমে গেছে, কোথাও বন্ধ রয়েছে। গ্যাসভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের উৎপাদনও ব্যাহত হচ্ছে। বাসাবাড়িতে চুলা জ্বলছে না ঠিকমতো। এর সঙ্গে যুক্ত হয়েছে দফায় দফায় বিদ্যুৎ বিভ্রাট। সাত-আট ঘণ্টা পাম্পে, আয় কোথায়? নগরের কোতোয়ালি, ষোলশহর, জিইসি মোড় ও কর্ণফুলীর মইজ্জ্যারটেক এলাকার সিএনজি স্টেশনগুলোতে একই চিত্র। সকাল থেকে রাত পর্যন্ত স্টেশনের সামনে যানবাহনের দীর্ঘসারি। স্টেশন মালিকরা বলছেন, জাতীয় গ্রিড থেকে সরবরাহ লাইনে গ্যাসের চাপ কমে গেছে। চাপ সামান্য বাড়লে পাম্প চালু করা হয়। আবার চাপ কমে গেলে সরবরাহ বন্ধ রাখতে হয়। ফলে চালকদের দিনের বড় একটি সময় চলে যাচ্ছে গ্যাসের অপেক্ষায়। স্বাভাবিক সময়ে যে সময়ের মধ্যে তিন-চারটি ট্রিপ দেওয়া সম্ভব, সেই সময় এখন পাম্পের লাইনে দাঁড়িয়ে থাকতে হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশের মানুষ আপনার জন্য অপেক্ষা করছে, আসেন

২০২৪ সালে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে ভারতে পালিয়ে থাকা শেখ হাসিনাকে দেশে ফিরে বিচারের মুখোমুখি হওয়ার আহ্বান জানিয়েছেন তৎকালীন সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তানজিম আহমেদ সোহেল তাজ। শুক্রবার (১৪ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে দেওয়া এক ভিডিও বার্তায় তিনি এ আহ্বান জানান। ভিডিওটির ক্যাপশনে সোহেল তাজ লেখেন, `প্রিয় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, দয়া করে ফিরে আসুন। বাংলাদেশের জনগণ আপনার জন্য অপেক্ষা করছে।, ভিডিও বার্তাটি পোস্ট করার সময় সোহেল তাজ রাজধানীর জুলাই ৩৬ জাদুঘরের (সাবেক গণভবন) সামনে গাড়িতে অবস্থান করছিলেন। সোহেল তাজ বলেন, `আজকে ১৪ আগস্ট ২০২৬, শুক্রবার। আমি প্রাক্তন গণভবন, বর্তমানে যেটা জুলাই ৩৬ জাদুঘর করা হয়েছে, এর সামনে দিয়ে যাচ্ছি। এখানে দেখা যাচ্ছে প্রচুর মানুষ। বাংলাদেশের দূর-দূরান্ত থেকে এখানে এসেছেন জাদুঘরটা প্রদর্শন করতে।, তিনি বলেন, `বাংলাদেশের সব মানুষ প্রত্যক্ষদর্শী বা স্বচক্ষে যে গণহত্যা দেখেছিল, এই গণভবন থেকে সেটা পরিচালনা করা হয়েছিল। হাজার হাজার মানুষ যারা আহত হয়েছেন বা যারা নিহত হয়েছেন, তাদের আত্মীয়স্বজন বা সাধারণ মানুষ বাংলাদেশের দূর-দূরান্ত থেকে এই জুলাই জাদুঘর দেখতে এসেছেন। স্বচক্ষে দেখতে এসেছেন শেখ হাসিনার সরাসরি নির্দেশে এখান থেকে কীভাবে পরিচালনা করা হয়েছিল, এখান থেকে কীভাবে নির্দেশনা এসেছিল নির্বিচারে গুলিবর্ষণ করতে।, জাদুঘরে দর্শনার্থীদের ভিড়ের কথা তুলে ধরে তিনি বলেন, `আজকে আমরা দেখতে পাচ্ছি, শুক্রবারে প্রচণ্ড ভিড় এবং এখানে প্রতিদিন ভিড় থাকে।, শেখ হাসিনা দেশে ফিরবেন—এমন আলোচনা প্রসঙ্গে সোহেল তাজ বলেন, `এখন প্রশ্ন হচ্ছে, আমরা শুনতে পাচ্ছি যে পলাতক প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা নাকি দলবল নিয়ে বাংলাদেশে ফেরত আসবে। আমি মনে করি এই জনগণ আপনার জন্য অপেক্ষা করছে। আপনি আসেন, বিচারের সম্মুখীন হন। আপনার সাজা যেটা হয়েছে, সেটার সম্মুখীন হন। জনগণ আপনার জন্য অপেক্ষা করছে।, ভিডিওতে জাদুঘরের সামনে দীর্ঘ সারির দৃশ্য দেখিয়ে সোহেল তাজ বলেন, `এখানে দেখা যাচ্ছে হাজার হাজার মানুষ লাইন দিয়ে অপেক্ষা করছে, ভিড় করছে। মিরপুর রোডের মতো ব্যস্ত একটা রাস্তা, লাইন করে সবাই দেখার জন্য আসছে।, (জাগো নিউজ ওয়েব অএজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## বিদায়ী সাক্ষাৎ, ঘিরে জল্পনা, আজই কি আসছে ছাত্রদলের নতুন কমিটি?

বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির শীর্ষ পাঁচ নেতা। গতকাল বৃহস্পতিবার (১৩ আগস্ট) রাতে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এদিকে, ছাত্রদলের বর্তমান `রাকিব-নাছির, কমিটির বিদায়ী সাক্ষাতের পর সংগঠনটির নতুন কেন্দ্রীয় কমিটি নিয়ে রাজনৈতিক অঙ্গনে জোর আলোচনা শুরু হয়েছে। দলীয় সূত্রের দাবি, শুক্রবার (১৪ আগস্ট) যেকোনো সময় নতুন কমিটি ঘোষণা হতে পারে। তবে বিএনপির পক্ষ থেকে এখনো এ বিষয়ে আনুষ্ঠানিক কোনো নির্দেশনা দেওয়া হয়নি। দলীয় সূত্র জানায়, বৃহস্পতিবার রাতে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে ছাত্রদলের বর্তমান কমিটির শীর্ষ পাঁচ নেতার বিদায়ী সাক্ষাতের পর থেকেই নতুন কমিটি গঠন নিয়ে দফায় দফায় আলোচনা চলছে। নতুন কমিটিতে কারা নেতৃত্বে আসছেন, তা নিয়ে আলোচনা আরও জোরালো হয়। সম্ভাব্য নেতাদের বিষয়ে যাচাই-বাছাইসহ বিভিন্ন দিক বিশ্লেষণ করা হচ্ছে। সবকিছু চূড়ান্ত হলে নতুন কমিটি ঘোষণা করা হতে পারে। সূত্রের দাবি, সিনিয়র কমিটি হলে সভাপতি পদে আবু আফসান মোহাম্মদ ইয়াহিয়া ও আমানুল্লাহ আমানের নাম

আলোচনায় রয়েছে। আর জুনিয়র কমিটি হলে আমানুল্লাহ আমান ও নাহিদুজ্জামান শিপনের অবস্থান শক্ত বলে জানা গেছে। এ ছাড়া সম্ভাব্য নেতৃত্বের তালিকায় আলোচনায় রয়েছেন ইজ্জাজুল কবির রুয়েল, ডা. তৌহিদুর রহমান আউয়াল, খোরশেদ আলম সোহেল, মমিনুল ইসলাম জিসান, কাজী জিয়াউদ্দিন বাসেত, গণেশ চন্দ্র রায় সাহস ও আবিদুল ইসলাম খান। উত্তরাঞ্চল থেকে সম্ভাব্য প্রার্থী হিসেবে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি আনোয়ার পারভেজের নামও আলোচনায় রয়েছে। তবে নতুন কমিটি গঠনের বিষয়ে এখনো বিএনপির পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক নির্দেশনা আসেনি বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## দেশের মাটিতে স্বৈরাচারকে আর কখনো ফেরত আসতে দেওয়া যাবে না

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বলেছেন, আমরা ১৮ বছর অনেক আন্দোলন-সংগ্রামের পর গণতন্ত্র ফিরে পেয়েছি। এই গণতন্ত্রকে অব্যাহত রাখতে হবে। বাংলাদেশের মাটিতে স্বৈরাচার আর কখনো ফেরত আসতে দেওয়া যাবে না। আমরা যদি ঐক্যবদ্ধ থাকি, বাংলাদেশের মাটিতে আর কখনো ফ্যাসিবাদের জায়গা হবে না। শুক্রবার (১৪ আগস্ট) সন্ধ্যায় স্থানীয় বিএনপির আয়োজনে সালথা উপজেলা সদরে ফরিদপুর (বদরপুর)-সালথা-সোনাপুর-মুকসুদপুর সড়কের সালথা ব্রিজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শামা ওবায়েদ ইসলাম বলেন, উন্নয়ন বিএনপি সরকারের পক্ষেই সম্ভব। উন্নয়ন প্রধানমন্ত্রী তারেক রহমানের পক্ষেই সম্ভব। আমাদের দুর্ভাগ্য ছিল, গত ১৭ বছর বিনা ভোটে নির্বাচিত একটি সরকার এখানে ছিল। কোনো ধর্মের বা দলের মানুষই ভালো থাকতে পারেনি। এখন আমাদের সুযোগ এসেছে উন্নয়ন করার। তিনি বলেন, আপনাদের ছেলে-মেয়ে ও নাতি-নাতনিদের জন্য প্রত্যেকটি ইউনিয়নে স্কুল ও কলেজ প্রতিষ্ঠা করা হবে। এখানে উন্নত মানের মাদরাসা হবে। ছোট ছোট ছেলেমেয়েরা যাতে উন্নত মানের শিক্ষা পায়, সে ব্যবস্থা করা হবে। এ সময় দল-মত, ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী। তিনি বলেন, আগামী পাঁচ বছর আল্লাহ তায়ালা যদি সহায় হন, তাহলে অলকান্দার সব মানুষের ভাগ্য উন্নয়ন করাই হবে আমাদের একমাত্র লক্ষ্য। ফরিদপুর সড়ক ও জনপথ (সওজ) বিভাগের নির্বাহী প্রকৌশলী খালিদ সাইফুল্লাহ সরদারের সভাপতিত্বে এবং সালথা উপজেলা বিএনপির সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার খাইরুল বাশার আজাদের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরিদপুরের জেলা প্রশাসক আফজাল হোসেন খান পলাশ। এ সময় আরও উপস্থিত ছিলেন সালথা উপজেলা নির্বাহী কর্মকর্তা দবির উদ্দিন, ফরিদপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক সৈয়দ জুলফিকার হোসেন জুয়েল, ফরিদপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক মো. জাহাঙ্গীর হোসেন প্রমুখ। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## ডেঙ্গুতে আরও ২ প্রাণহানি, হাসপাতালে নতুন ভর্তি ৬৯৩

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে আরও দুজন মারা গেছেন। এ নিয়ে চলতি বছরে মোট ৬৫ জনের মৃত্যু হলো। এছাড়া নতুন ৬৯৩ জন রোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। এর ফলে বর্তমানে চিকিৎসাধীন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে এক হাজার ৬১৫ জন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এক বার্তায় এ তথ্য জানানো হয়। বার্তা অনুযায়ী, নতুন মারা যাওয়া দুজনই নারী। তাদের মধ্যে একজনের বয়স ৩৬ থেকে ৪০ বছরের মধ্যে এবং আরেকজন ৪৬ থেকে ৫০ বছর বয়সী। বর্তমানে সবচেয়ে বেশি ৫৭৯ জন চিকিৎসা নিচ্ছেন ঢাকা বিভাগের বিভিন্ন হাসপাতালে। এছাড়া খুলনায় ৩৭১, বরিশালে ২৬৩, চট্টগ্রামে ১২৬, ময়মনসিংহে ১৩১, রাজশাহীতে ১১৭, রংপুরে ১৯ ও সিলেট বিভাগে নয়জন চিকিৎসাধীন। এ পর্যন্ত ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২২ হাজার ২৪৩ জন। তাদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন ২০ হাজার ৫৬৩ জন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## হামের উপসর্গে আরও ৪ শিশুর মৃত্যু

দেশে হামের উপসর্গ নিয়ে আরও চার শিশু মারা গেছে। এ নিয়ে হাম-সংক্রান্ত রোগে এখন পর্যন্ত মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৮৯৪ জনে। শুক্রবার (১৪ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে এক বার্তায় এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, বৃহস্পতিবার সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টার মধ্যে নিশ্চিত হামে কারও মৃত্যু না হলেও সন্দেহজনক হামে চারজন মারা গেছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ৯৯ জন এবং সন্দেহজনক হাম রোগে ৭৯৫ জনের প্রাণ গেছে। এছাড়া, নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৮৭ জনের। একই সঙ্গে নতুন সন্দেহজনক হামের রোগী শনাক্ত হয়েছে ৯৭২ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হাসপাতালে ভর্তি হওয়া সন্দেহজনক হাম রোগী এক লাখ ২২ হাজার ৭৯৪ জন। এদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছে এক লাখ ১৮ হাজার ৫৪০ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## এপিএসসির উপদেষ্টা হলেন ঢাকা জেলার পুলিশ সুপার শামীমা পারভীন

এশিয়ান পুলিশ স্পোর্টস কাউন্সিলের (এপিএসসি) উপদেষ্টা হিসেবে মনোনীত হয়েছেন ঢাকা জেলার পুলিশ সুপার শামীমা পারভীন। পুলিশ ক্রীড়াক্ষেত্রে পেশাগত দক্ষতা, নেতৃত্ব ও অবদানের স্বীকৃতি হিসেবে তাকে এ আন্তর্জাতিক দায়িত্ব দেওয়া হয়েছে। শুক্রবার (১৪ আগস্ট) ঢাকা জেলা পুলিশের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, এপিএসসির চেয়ারপারসন মিসেস নির্মলা রাওয়াত স্বাক্ষরিত এক আনুষ্ঠানিকপত্রে শামীমা পারভীনের অভিজ্ঞতা ও পুলিশ ক্রীড়ায় তার অবদানের প্রশংসা করা হয়েছে। উপদেষ্টা হিসেবে শামীমা পারভীন এশিয়ার বিভিন্ন দেশের পুলিশ সংস্থার মধ্যে ক্রীড়া সহযোগিতা, পারস্পরিক সৌহার্দ্য ও পেশাগত সম্পর্ক জোরদারে পরামর্শ ও দিকনির্দেশনা দেবেন। আন্তর্জাতিক এ দায়িত্বে মনোনীত হওয়ায় ঢাকা জেলা পুলিশের পক্ষ থেকে তাকে অভিনন্দন জানানো হয়েছে। একই সঙ্গে নতুন দায়িত্বে তার সাফল্য কামনা করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## বড়পুকুরিয়ার একটি ইউনিটের বিদ্যুৎ উৎপাদন বন্ধ

যান্ত্রিক ত্রুটির কারণে দিনাজপুরের বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের ১ নম্বর ইউনিটের বিদ্যুৎ উৎপাদন ফের বন্ধ হয়ে গেছে। শুক্রবার (১৪ আগস্ট) বেলা ১১টার দিকে ইউনিটটিতে ত্রুটি দেখা দিলে নিরাপত্তার স্বার্থে উৎপাদন বন্ধ করে দেওয়া হয়। এতে জাতীয় গ্রিডে কেন্দ্রটির বিদ্যুৎ সরবরাহ আরও কমে গেছে। বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী আবু বকর সিদ্দিক বিকেলে বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, ১ নম্বর ইউনিটে যান্ত্রিক ত্রুটি দেখা দেওয়ার পরপরই উৎপাদন বন্ধ করে ত্রুটির কারণ শনাক্তের কাজ শুরু করা হয়েছে। বর্তমানে প্রকৌশলী ও কারিগরি কর্মীরা ইউনিটটির প্রয়োজনীয় মেরামতকাজ করছেন। কেন্দ্র সূত্রে জানা গেছে, বন্ধ হওয়ার আগে বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের ১ নম্বর ইউনিট থেকে জাতীয় গ্রিডে ৫০-৫৫ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছিল। হঠাৎ ইউনিটটি বন্ধ হয়ে যাওয়ায় ওই পরিমাণ বিদ্যুৎ উৎপাদন কমে গেছে। বর্তমানে কেন্দ্রের ৩ নম্বর ইউনিটটি সচল রয়েছে। ২৭৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন এই ইউনিট থেকে প্রায় ১৭০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করে জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। কেন্দ্রটির মোট উৎপাদন সক্ষমতার তুলনায় বর্তমানে উৎপাদন উল্লেখযোগ্যভাবে কম রয়েছে। বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের ২ নম্বর ইউনিটটি দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে। কেন্দ্রের তথ্য অনুযায়ী, ২০২০ সাল থেকে ইউনিটটি উৎপাদনের বাইরে রয়েছে। ফলে তিনটি ইউনিটের মধ্যে বর্তমানে শুধু ৩ নম্বর ইউনিট সচল রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ রুবাইয়া)

## লোডশেডিংয়ে ধস নেমেছে সরু চাল উৎপাদনে

অতিমাত্রায় লোডশেডিংয়ের কবলে উৎপাদন সংকটে পড়েছে সরু চালের সর্ববৃহৎ মোকাম কুষ্টিয়ার খাজানগরের চালকলগুলো। স্বাভাবিক সময়ের চেয়ে উৎপাদন কমেছে প্রায় দুই-তৃতীয়াংশ। এছাড়াও উৎপাদিত চালের বড় একটা অংশ খাওয়ার অনুপযোগী হয়ে যাচ্ছে। এতে একদিকে ক্ষতির শিকার হচ্ছেন মিলাররা, অন্যদিকে এ পরিস্থিতি চলমান থাকলে চালের দামেও প্রভাব পড়বে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। সরেজমিনে খাজানগর এলাকা ঘুরে দেখা যায়, মাত্রাতিরিক্ত লোডশেডিংয়ের কারণে বেশিরভাগ মিলের শ্রমিকরা অলস সময় কাটাচ্ছেন। বন্ধ রয়েছে উৎপাদন। বিশেষ করে পল্লী বিদ্যুতের আওতায় থাকা মিলগুলো বেশি সংকটে পড়েছে। খাজানগরের পার্শ্ববর্তী বল্লভপুর অবস্থিত এ অঞ্চলের অন্যতম বৃহৎ চালকল স্বর্ণা অটোরাইস মিলের কর্ণধার আব্দুস সামাদ বলেন, শ্রমিকরা বিদ্যুৎ বন্ধ দেখে বাড়িতে চলে যাচ্ছেন। বেতন তাদের ঠিকই দিতে হচ্ছে কিন্তু উৎপাদন হচ্ছে না। তিনি আরও বলেন, মিলে প্রতিদিনের উৎপাদন ছিল প্রায় ৯০ টন চাল। সেখানে তেল পুড়িয়েও ৩০ টনের বেশি উৎপাদন করা যাচ্ছে না। আর ডিজেল পুড়িয়ে উৎপাদন খরচ ব্যাপক বেড়েছে। চাল উৎপাদনে এ অঞ্চলের আরেক সুমানধন্য প্রতিষ্ঠান গোল্ডেন রাইস মিলের মালিক জিহাদুজ্জামান জিকু বলেন, উৎপাদনের সময় যখন ফ্যাক্টরিতে বিদ্যুৎ সংযোগ না থাকে বা বিদ্যুৎ লোডশেডিংয়ের আওতায় চলে যায়, তখন মেশিনে অর্থাৎ প্রোডাকশনে থাকে যে প্রোডাক্টগুলো (ধান) সেগুলো প্রতিনিয়ত নষ্ট হচ্ছে। এজন্য বাই প্রোডাক্ট বেড়ে যাচ্ছে। তাতে চালের উৎপাদন খরচ বেশি হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ রিহাব)

## অভিযানে জব্দ দুই কোটি টাকার মালামাল এজাহারে হয়ে গেল তিন লাখ টাকা

কুষ্টিয়ার দৌলতপুরে নকল সিগারেট তৈরির একটি কারখানায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে প্রায় দুই কোটি টাকার মালামাল জব্দের কথা জানানো হলেও থানায় করা মামলায় জব্দ করা মালামালের মূল্য দেখানো হয়েছে মাত্র তিন লাখ টাকা। একই অভিযানের জব্দের হিসাব ও মামলার এজাহারে উল্লেখ করা মালামালের মধ্যে প্রায় এক কোটি ৯৭ লাখ টাকার পার্থক্য নিয়ে প্রশ্ন উঠেছে। এর আগে বুধবার (১২ আগস্ট) সকাল সাড়ে ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত উপজেলার সদর ইউনিয়নের গড়বাড়িয়া গ্রামের হাবিব মাস্টারের গরুর খামারের ভেতরে থাকা একটি গোডাউনে অভিযান চালানো হয়। দৌলতপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) প্রদীপ কুমার দাশের নেতৃত্বে পরিচালিত অভিযানে দৌলতপুর থানা পুলিশ ও ব্রিটিশ আমেরিকান টোব্যাকো প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। অভিযান শেষে সহকারী কমিশনার (ভূমি) জানান, গোডাউন থেকে ডার্বি, নেভি ও রয়েল ব্র্যান্ডের প্রায় ২০ লাখ শলাকা নকল সিগারেট

এবং সিগারেট তৈরির বিপুল পরিমাণ সরঞ্জাম জব্দ করা হয়েছে। জব্দ করা মালামালের আনুমানিক বাজারমূল্য প্রায় দুই কোটি টাকা বলেও তখন জানানো হয়। তবে ওই রাতেই ব্রিটিশ আমেরিকান টোবাকোর কুষ্টিয়ার লিগ্যাল অফিসার কাজী মর্তুজা রেজা বাদী হয়ে দৌলতপুর থানায় মামলা করেন। মামলায় নয়জনের নাম উল্লেখ করে আরও ১০ থেকে ১২ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে। এজাহারে জব্দ তালিকায় উল্লেখ করা হয়েছে ২৫ হাজার শলাকা সিগারেট ও ২৫ বস্তা সিগারেট তৈরির তামাক। এসব মালামালের আনুমানিক মূল্য দেখানো হয়েছে প্রায় তিন লাখ টাকা বলে জানিয়েছে দৌলতপুর থানা পুলিশ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে গ্যাস না পেয়ে সড়ক অবরোধ, বিক্ষুব্ধ চালকরা

গ্যাসের জন্য ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করেও ফিলিং স্টেশন থেকে গ্যাস না পাওয়ায় সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন সিএনজিচালিত অটোরিকশার চালকরা। শুক্রবার (১৪ আগস্ট) ভোরে চট্টগ্রাম নগরের ষোলশহর এলাকায় কয়েকশ চালক সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন। চালকদের অবরোধের কারণে মুরাদপুর থেকে দুই নম্বর গেট পর্যন্ত সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। এতে সকাল থেকেই ওই এলাকায় যানজটের সৃষ্টি হয়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে চালকদের সড়ক থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করে। সরেজমিনে দেখা যায়, ষোলশহরের ফসিল ফিলিং স্টেশনের সামনে গ্যাসের জন্য কয়েকশ সিএনজি অটোরিকশা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে রয়েছে। অনেক চালক গাড়ির ভেতরেই অপেক্ষা করছেন। কেউ কেউ দীর্ঘ সময় অপেক্ষা করেও গ্যাস না পাওয়ায় ক্ষোভ প্রকাশ করছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ রিহাব)

## ঢাকায় বিদেশি পিস্তল, গুলি ও দেশীয় অস্ত্রসহ ৪ অস্ত্রধারী গ্রেফতার

রাজধানীর কদমতলী থানাধীন এলাকায় বিদেশি পিস্তল, গুলি ও দেশীয় অস্ত্রসহ চার অস্ত্রধারীকে গ্রেফতার করেছে র‍্যাব-১০। গ্রেফতাররা হলেন- স্বপন (৩৭), মনির (৩১), জাহিদুল ইসলাম সিয়াম (২২) ও আরিফ হোসেন (২৯)। শুক্রবার (১৪ আগস্ট) র‍্যাব-১০ এর সহকারী পরিচালক (মিডিয়া) তপন সরকারের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। তপন সরকার জানান, র‍্যাব-১০ এর একটি আভিযানিক দল বৃহস্পতিবার রাতে মাদকদ্রব্য কেনাবেচার গোপন সংবাদের ভিত্তিতে কদমতলী থানাধীন পূর্ব জুরাইন এলাকায় অভিযান চালায়। অভিযানে কদমতলী সেখানকার নবীনবাগ এলাকার একটি আবাসিক ভবন থেকে একটি বিদেশি পিস্তল, ৩ রাউন্ড গুলি, একটি ম্যাগাজিন, ২টি সুইচ গিয়ার চাকু ও একটি খেলনাসদৃশ পিস্তল জব্দ করা হয়। এসময় ঘটনাস্থল থেকে চার অস্ত্রধারীকে গ্রেফতার ও তাদের কাছ থেকে পাঁচটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর ভারত ও জাপান সফর এখনো চূড়ান্ত নয়: শামা ওবায়েদ

প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত ও জাপান সফর এখনো চূড়ান্ত হয়নি বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন, সব দেশে সফরের বিষয়েই সরকার ইতিবাচক। তবে, এটি প্রধানমন্ত্রীর সময়সূচি এবং দুই দেশের মধ্যকার আলোচনা কত দূর এগোয়, তার ওপর নির্ভর করবে। গতকাল বৃহস্পতিবার (১৩ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী ভারতে অনুষ্ঠিতব্য ব্রিকস সম্মেলনের আউটরিচ সেশনে যোগ দেবেন নাকি দ্বিপক্ষীয় সফরে যাবেন— এমন প্রশ্নের জবাবে শামা ওবায়েদ বলেন, এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য এখনো পর্যাপ্ত সময় আছে। তিনি বলেন, ব্রিকস এখনো অনেক দূরে। এক মাসে অনেক কিছুই হতে পারে। বর্তমানে প্রধানমন্ত্রী নতুন সাংবিধানিক কার্যক্রমসহ গুরুত্বপূর্ণ অভ্যন্তরীণ কাজে ব্যস্ত রয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## রাষ্ট্রের বিরুদ্ধে ন্যারেটিভ তৈরি করলে কঠোর হস্তে দমন করা হবে: তথ্য প্রতিমন্ত্রী

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেছেন, সরকারের সমালোচনা সবাই করতে পারে। সরকারের বিরুদ্ধে বলার অধিকার আছে। সরকারের বিরুদ্ধে ন্যারেটিভ তৈরি করলেও কোনো পদক্ষেপ নেয়া হবে না। কিন্তু রাষ্ট্রের বিরুদ্ধে ন্যারেটিভ তৈরি করা হলে কঠোর হস্তে দমন করা হবে। গত বৃহস্পতিবার রাতে ময়মনসিংহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ও অপপ্রচারের বিস্তার প্রতিরোধে করণীয় শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইয়াসের খান চৌধুরী বলেন, সাইবার সুরক্ষা আইন সংশোধনের বিষয়ে আমরা কাজ করছি। এ লক্ষ্যে উচ্চপর্যায়ের একটি কমিটি গঠন করা হয়েছে। বাংলাদেশের জনগণ ও রাষ্ট্রের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আইনটি কীভাবে আরও কার্যকর ও শক্তিশালী করা যায়, সে বিষয়ে আলোচনা চলছে। বিগত ফ্যাসিবাদের সময়ে নিজেও সাইবার বুলিংয়ের শিকার হয়েছেন জানিয়ে তিনি বলেন, সাইবার বুলিংয়ে আমাকেও অকথ্য ভাষায় গালাগাল করা হয়েছে। তিনি বলেন, এই আইন কোনো দল বা ব্যক্তির বিরুদ্ধে করা হচ্ছে না। সরকারের বিরুদ্ধে ন্যারেটিভ তৈরি বন্ধ করার জন্যও হচ্ছে না। কিন্তু দেশ ও জনগণের বিরুদ্ধে ন্যারেটিভ তৈরি করা হলে, তা কঠোর হস্তে দমন করা হবে। ইয়াসের খান চৌধুরী বলেন, বাংলাদেশকে বেটার করার জন্য আইন করা

হচ্ছে। নারী ও শিশুদের সুরক্ষা দিতে নতুন আইন করা হচ্ছে। যদিও আইন করে সব সমস্যার সমাধান করা যায় না। তাই নৈতিক শিক্ষা নিয়েও সরকার কাজ করছে। নৈতিক অবক্ষয়রোধে আইনের প্রয়োগ করার জন্য তথ্য মন্ত্রণালয় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। যদি জেনে অপতথ্যে লাইক, কমেন্ট করে তাহলে আইনের আওতায় আসবে। তিনি আরও বলেন, বর্তমান সময়ে খেলার কোনো মাঠ নেই। এজন্য প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশে দেশের প্রতিটি ইউনিয়নে একটি করে খেলার মাঠ এবং প্রতিটি উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম তৈরি করা হবে। এখনকার সময়ের ছেলে-মেয়েরা বন্দী অবস্থায় থাকে। তাদেরকে খেলাধুলার মাধ্যমে সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার চেষ্টা চলছে। ময়মনসিংহ জেলা প্রশাসক মো. সাইফুর রহমান সভাপতির বক্তব্যে বলেন, আজকের সভায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ রয়েছেন। তাদের বক্তব্য অনুযায়ী, অপতথ্য ও গুজবের বিরুদ্ধে কঠোর আইনি কাঠামো গড়ে তুলতে না পারলে বিভ্রান্তিকর তথ্য ও অপপ্রচারের বিস্তার প্রতিরোধ সম্ভব নয়। তিনি আরও বলেন, সচেতনতাই প্রধান কার্যক্রম হিসেবে রাখতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠানে সপ্তাহের একদিন বিভ্রান্তকর তথ্য ও অপপ্রচারের বিস্তার প্রতিরোধে শিক্ষার্থীদের সচেতন করা উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সময় পুলিশ সুপার মোহাম্মদ কামরুল হাসান বলেন, বিভ্রান্তকর তথ্য ও অপপ্রচারের বিস্তার প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ এখন সময়ের দাবি। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন অতিরিক্ত জেলা প্রশাসক ও স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক উম্মে হাবীবা মীরা। এসময় পুলিশ সুপার মোহাম্মদ কামরুল হাসানসহ বিভিন্ন দপ্তরের প্রধান, সাংবাদিক, শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ এলিনা)

## রাজধানীতে ব্যাটারিচালিত রিকশায় শৃঙ্খলা আনতে অঞ্চলভিত্তিক চলাচলের উদ্যোগ

রাজধানী ঢাকা শহরের যানজটের অন্যতম কারণ হয়ে দাঁড়ানো ব্যাটারিচালিত রিকশাসহ গণপরিবহন ব্যবস্থাকে শৃঙ্খলার মধ্যে আনতে অঞ্চলভিত্তিক রিকশা চলাচল ব্যবস্থা চালুর উদ্যোগ নেওয়া হচ্ছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) প্রশাসক বীর মুক্তিযোদ্ধা আব্দুস সালাম সম্প্রতি নগর ভবনে রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস,কে এ তথ্য জানিয়েছেন। ডিএসসিসি প্রশাসক এ প্রসঙ্গে আরও বলেন, `ঢাকা শহরকে কয়েকটি অঞ্চলে ভাগ করে নির্দিষ্ট এলাকার রিকশা ওই এলাকার মধ্যেই চলাচলের ব্যবস্থা করা হবে। এক এলাকার রিকশা অন্য এলাকায় গিয়ে যাতে যানজট সৃষ্টি করতে না পারে, সেজন্য প্রয়োজন অনুযায়ী দিন ও সড়কভিত্তিক চলাচলের বিধিনিষেধ আরোপ করা হবে।, তিনি বলেন, `রিকশার সমস্যাটা কোত্থেকে আসলো, কীভাবে আসলো- সেটা বের করে সমাধান করতে হবে। এই সমস্যাটাও আমাদেরই, আমাদেরই সমাধান করতে হবে। সিটি কর্পোরেশনকেই সমাধান করতে হবে।, আব্দুস সালাম বলেন, ঢাকা শহরের রাস্তায় বর্তমানে এদিক-সেদিক, উল্টো দিকসহ বিভিন্নভাবে ব্যাটারিচালিত রিকশা চলাচল করছে। এসব রিকশা চালকদের অনেকেই ট্রাফিক আইন ও চলাচলের শৃঙ্খলা মানছে না। ফলে নগরীর বিভিন্ন সড়কে অযাচিত যানজট আরও বাড়ছে। রিকশা ব্যবস্থাপনাকে একটি নির্দিষ্ট কাঠামোর মধ্যে আনতে রেজিস্ট্রেশনের আওতায় আনার উদ্যোগ নেওয়া হচ্ছে জানিয়ে ডিএসসিসি প্রশাসক বলেন, বন্যা, নদীভাঙনসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের কারণে দেশের বিভিন্ন এলাকা থেকে মানুষ জীবিকার সন্ধানে ঢাকায় এসে ফুটপাত ও অন্যান্য উন্মুক্ত স্থানে অবস্থান নিচ্ছে। কেউ রিকশা চালাচ্ছে, আবার কেউ ভ্যান নিয়ে সবজি বা অন্যান্য পণ্য বিক্রি করছে। এভাবে অনিয়ন্ত্রিতভাবে মানুষের ঢাকামুখী প্রবেশ নগরের ওপর বাড়তি চাপ তৈরি করছে। তিনি বলেন, `সারা বাংলাদেশের মানুষকে কি আমরা ঢাকা শহরে জায়গা দিতে পারব? এটাও তো নিয়ন্ত্রণ করতে হবে।, এ কারণে রিকশা ও সংশ্লিষ্ট পরিবহন ব্যবস্থাকে নিবন্ধনের আওতায় আনার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন আব্দুস সালাম। ডিএসসিসি প্রশাসক বলেন, গত ৫ আগস্টের পর দেশের বিভিন্ন এলাকা থেকে ব্যাটারিচালিত রিকশা ঢাকায় প্রবেশের প্রবণতা বেড়েছে। এসব রিকশাকে একটি নির্দিষ্ট ব্যবস্থার মধ্যে আনা হবে। এজন্য ঢাকা শহরকে কয়েকটি অঞ্চলে ভাগ করে অঞ্চলভিত্তিক রিকশা চলাচলের ব্যবস্থা করা হবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ এলিনা)

## চট্টগ্রামে শিপ ব্রেকিং ইয়ার্ডে `বিষাক্ত গ্যাসে, নিহত বেড়ে ৭

চট্টগ্রামের সীতাকুণ্ডে ফেরদৌস স্টিল শিপ ব্রেকিং ইয়ার্ডে একটি ট্যাংক থেকে বিষাক্ত গ্যাস ছড়িয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে সাতজনে দাঁড়িয়েছে। চট্টগ্রাম মেডিক্যাল কলেজ পুলিশ ফাঁড়ির ইনচার্জ এ তথ্য জানিয়েছেন। শুক্রবার (১৪ আগস্ট) সকাল ৯টার দিকে এ ঘটনা ঘটে। ইয়ার্ড ম্যানেজার হতাহতের কথা স্বীকার করলেও তার দাবি ইয়ার্ড বন্ধের দিনে গ্যাস লিকেজের কথা শুনে কৌতূহলী এলাকাবাসী জাহাজের কাছে এলে কিছু লোক হতাহত হন। তবে ঠিক কতজন আহত হয়েছেন তা তিনি নিশ্চিত করতে পারেননি। ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন উপজেলা নির্বাহী অফিসারও। তবে নিহতের সংখ্যা আরো বাড়তে পারে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। জানা গেছে, ভাটিয়ারী সাগর উপকূলে অবস্থিত ফেরদৌস স্টিল শিপ ইয়ার্ডে একটি জাহাজে গ্যাস লিকেজে বেশ কয়েকজন হতাহত হন। তবে হতাহতের সঠিক সংখ্যা কেউ জানাতে পারেননি। জানতে চাইলে ফেরদৌস স্টিল শিপ ইয়ার্ডের ম্যানেজার মোহাম্মদ ইউসুফ বলেন, `আজ শুক্রবার ইয়ার্ড বন্ধ রয়েছে। কিন্তু সকাল ৯টার সময় স্ক্র্যাপ এলএনজি জাহাজে একটি ট্যাঙ্ক লিকেজ হয়ে যায়। এ খবর পেয়ে স্থানীয় বহিরাগত কিছু লোক তা দেখতে আসে। এসময় জমে থাকা গ্যাসে কয়েকজনের মৃত্যু হয় ও কয়েকজন

আহত হন,। তবে তাদের সংখ্যা নাম-পরিচয় জানাতে পারেননি তিনি। সীতাকুণ্ড উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. ফখরুল ইসলাম জানান, এ ঘটনায় এখনো পর্যন্ত সাতজনের মৃত্যু হয়েছে বলে পুলিশ জানিয়েছে। তবে আমি ঘটনাস্থলে যাওয়া ছাড়া নিশ্চিতভাবে এর বেশি বলতে পারছি না। আর তদন্ত ছাড়া ঠিক কিভাবে এ ঘটনা ঘটেছে তা বলা যাবে না। ইয়ার্ডটির কর্মকর্তারা জানান, ঘটনার পর স্থানীয় শতাধিক বিক্ষুব্দ লোক ইয়ার্ডে গিয়ে ভাঙচুর করেছে। অনেক মালামাল লুট করে নিয়ে গেছে সুযোগ সন্ধানীরা। কুমিরা ফায়ার সার্ভিস স্টেশনের ইনচার্জ আল মামুন জানান, শিপইয়ার্ডে মরদেহ উদ্ধারের কাজ চলমান রয়েছে। সীতাকুণ্ড থানার ওসি (তদন্ত) মো. আলমগীর হোসেন বলেন, `আমরা এখনো পর্যন্ত সাতজনের মৃত্যুর কথা শুনেছি। এখনো উদ্ধারকাজ চলছে। এ সংখ্যা আরো বাড়তে পারে বলে আমরা ধারণা করছি।,(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ এলিনা)

## পুলিশের উর্ধ্বতন ৫৬ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসর

সাত সহকারী পুলিশ কমিশনার এবং ৪৯ পুলিশ পরিদর্শকসহ মোট ৫৬ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। গতকাল বৃহস্পতিবার (১৩ আগস্ট) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখা থেকে জারি করা পৃথক দুটি প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৫ ধারায় দেয়া ক্ষমতাবলে এসব কর্মকর্তাকে অবসরে পাঠানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, জনস্বার্থে জারি করা এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। অবসরপ্রাপ্ত কর্মকর্তারা প্রচলিত বিধি অনুযায়ী অবসরজনিত সব সুবিধা পাবেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের তথ্য অনুযায়ী, অবসরে পাঠানো ৪৯ পুলিশ পরিদর্শক পুলিশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ইউনিট ও কর্মস্থলে দায়িত্ব পালন করছিলেন। তাদের মধ্যে বিভিন্ন জেলা পুলিশ, ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি), অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি), পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই), বিশেষ শাখা (এসবি) এবং রেলওয়ে পুলিশে কর্মরত কর্মকর্তাও রয়েছেন। অন্যদিকে, সহকারী পুলিশ সুপার পদপর্যায়ের সাত কর্মকর্তাকেও একই আইনের আওতায় জনস্বার্থে অবসরে পাঠানো হয়েছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ এলিনা)

## কমলো ডলারের দাম, এলসি নিষ্পত্তি বাড়তে পারে

এক সপ্তাহের ব্যবধানে ডলারের দর ১ টাকা পর্যন্ত কমেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) দেশের বেশ কয়েকটি বাণিজ্যিক ব্যাংক ১২২.৭০ টাকা দরে রেমিট্যান্স হাউস থেকে ডলার কিনেছে। গত সপ্তাহেই রেমিট্যান্সের ডলারের দাম ছিল ১২৩.৬০ টাকা থেকে ১২৩.৭০ টাকা। বাংলাদেশ ব্যাংক সূত্রে জানা যায়, এদিন ঋণপত্র (এলসি) নিষ্পত্তিতেও ডলারের দর কমেছে; আগামী সপ্তাহে আরো কমতে পারে। মূলত বাণিজ্যিক ব্যাংকগুলোতে ব্যাংকে নিট ওপেন পজিশন (এনওপি) দীর্ঘ মেয়াদে নির্ধারিত সর্বোচ্চ কাছাকাছি রয়েছে। অর্থাৎ ব্যাংকগুলোর হাতে পর্যাপ্ত ডলার রয়েছে। এ জন্য ব্যাংকগুলো বেশি দরে রেমিট্যান্স কিনছে না। অন্যদিকে কম দামে এলসি নিষ্পত্তি অফার করছে ব্যবসায়ী গ্রুপকে। কারণ ব্যাংকগুলোর কাছে যে ডলার রয়েছে, তা দ্রুত বিক্রি করে দিতে চাচ্ছে। গত তিন দিনে নিষ্পত্তির দরও কমিয়ে আনা হয়েছে। এদিকে দেশের মোট (গ্রস) রিজার্ভ বেড়ে ৩৭.০৬৬ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বিপিএম-৬ হিসাব পদ্ধতিতে রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩২.২৬০ বিলিয়ন ডলারে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রকাশিত তথ্য অনুযায়ী, গত বুধবার দেশের গ্রস রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩৭.০৬৬ বিলিয়ন ডলার। অন্যদিকে আইএমএফের বিপিএম-৬ হিসাব পদ্ধতিতে রিজার্ভ গত বুধবার দাঁড়িয়েছে ৩২.১৫ বিলিয়ন ডলারে। আগের দিন এই হিসাবে রিজার্ভ ছিল ৩২.২৬০ বিলিয়ন ডলার।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ এলিনা)

## দিন গোনা ছাড়া আমার কিছু করার নাই : জ্বালানিমন্ত্রী

ভাসমান এলএনজি টার্মিনালের (এফএসআরইউ) মেরামত না হওয়া পর্যন্ত আপাতত দিন গোনা ও লোডশেডিং ব্যবস্থাপনা করা ছাড়া আর কোনো উপায় নেই বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। বৃহস্পতিবার (১৩ আগস্ট) গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত একটি অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হয়ে তিনি এ কথা বলেন। এফএসআরইউর ত্রুটি সারানোর জন্য কাজ চলছে উল্লেখ করে তিনি বলেন, ``এখন শুধু আমাকে দিন গোনা ছাড়া, আর ওই যে ইঞ্জিনিয়াররা কাজ করছে এফএসআরইউতে, এটা করা ছাড়া আমার কিছু (করার) নাই।,, ``আর কিছু ম্যানেজমেন্ট করা, যাতে কম লোডশেডিং হয়, যাতে আমি ইন্ডাস্ট্রিকে গ্যাসটা দিতে পারি, এই ম্যানেজমেন্টটা করা। এছাড়া আপনিই বলেন আমার হাতে আর কী থাকতে পারে।,, ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, আমরা কিন্তু বসি নাই। আমরা কিছুদিন আগে আমাদের দেশের ইনভেস্টর সবার সঙ্গে বসছিলাম। আমরা মালয়েশিয়ার সঙ্গে কথা বলছি। আমাদের প্রধানমন্ত্রী মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন। এ সময় তিনি আরও জানান, ২০২৯ সাল নাগাদ বাংলাদেশে তিনটি নতুন ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপন করা হবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ এলিনা)

## নিউরোসায়েন্স হাসপাতালের নতুন ভবন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

দেশে নিউরো রোগীদের চিকিৎসাসেবার পরিধি আরও বৃদ্ধি পাচ্ছে। রাজধানী ঢাকার ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতালে আরও ৫০০ শয্যার নতুন একটি ভবন চালু হচ্ছে আগামীকাল শনিবার। প্রধানমন্ত্রী তারেক রহমান এদিন সকাল ১০টায় নতুন এই ভবনটির শুভ উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে। ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতালের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, ইতোমধ্যেই হাসপাতালের নতুন ভবনের নির্মাণকাজ শেষ হয়েছে। শেষ হয়েছে অধিকাংশ যন্ত্রপাতি স্থাপনের কাজ। এটি চালু হলে হাসপাতালটির মোট শয্যা সংখ্যা বেড়ে এক হাজারে দাঁড়াবে। এর ফলে এটি দেশের বৃহত্তম বিশেষায়িত স্নায়ুরোগ চিকিৎসা কেন্দ্রে পরিণত হবে। সরেজমিনে দেখা যায়, নতুন এই ভবনটি ১৫ তলা বিশিষ্ট। এর নিচের তিনতলা বেজমেন্ট হিসেবে রাখা হয়েছে। সেখানে পার্কিং এরিয়ার পাশাপাশি সার্ভিস সেকশনও রয়েছে। উপরের ১২ তলায় ওয়ার্ড, অপারেশন থিয়েটার ও ডায়াগনস্টিক ইউনিটের ব্যবস্থা রয়েছে। এছাড়াও সেখানে রয়েছে ৪০টি আইসিইউ বেড, ২৪টি পোস্ট-অপারেটিভ বেড ও ১১২টি কেবিন। হাসপাতালের চিকিৎসকদের সাথে কথা বলে জানা গেছে, এখানে চিকিৎসা নিতে সবচেয়ে বেশি আসে স্ট্রোকের রোগী। তারপরই রয়েছে দুর্ঘটনায় আহত মেরুদন্ড ও মাথায় আঘাত পাওয়া রোগী। এছাড়া পার্কিনসন্স ডিমেনশিয়া, জিবিএস, মৃগী, হাইড্রোকেফালাসসহ নিউরোলজিক্যাল বিভিন্ন রোগে আক্রান্ত রোগীরা এ হাসপাতালে সেবা নেন। শিশু থেকে বৃদ্ধ সবার নিউরোলজিক্যাল রোগের চিকিৎসা মেলে এ হাসপাতালে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## ২৬ আগস্ট ছুটি ঘোষণা, পাবেন না যারা

আগামী ২৬ আগস্ট (বুধবার) পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপিত হবে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) চাঁদ দেখা কমিটির সভা শেষে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন। এদিন সরকারি ছুটি থাকবে। তবে সবাই এই ছুটি ভোগ করতে পারবেন না। প্রতিষ্ঠানটির জনসংযোগ কর্মকর্তা বিল্লাল বিন কাশেম স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশের আকাশে বৃহস্পতিবার ১৪৪৮ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি। ফলে শুক্রবার (১৪ আগস্ট) পবিত্র সফর মাস ৩০ দিন পূর্ণ হবে। শনিবার (১৫ আগস্ট) থেকে ১৪৪৮ হিজরি সালের পবিত্র রবিউল আউয়াল মাস গণনা করা শুরু হবে। পরিপ্রেক্ষিতে আগামী ২৬ আগস্ট (বুধবার) পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপিত হবে। আগামী ২৬ আগস্ট (বুধবার) সরকারি ছুটি থাকবে। তবে সবাই এই ছুটি ভোগের সুযোগ দেন না। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আগামী ২৬ আগস্ট সারা দেশে সরকারি সাধারণ ছুটি থাকবে। তবে এই ছুটি সব সরকারি কর্মকর্তা-কর্মচারীর জন্য প্রযোজ্য হবে না। স্বাস্থ্যসেবা, আইনশৃঙ্খলা রক্ষা, অগ্নিনির্বাপণসহ জরুরি ও জনসেবামূলক বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরতদের ওই দিনও দায়িত্ব পালন করতে হবে। এর মধ্যে স্বাস্থ্যসেবা, আইনশৃঙ্খলা রক্ষা, অগ্নিনির্বাপণ, বিদ্যুৎ, গ্যাস, পানি সরবরাহ, বন্দর, বিমানবন্দর, রেলওয়ে, গণপরিবহণ, কারাগার ও দুর্যোগ ব্যবস্থাপনাসহ বিভিন্ন জরুরি সেবায় নিয়োজিতরা রয়েছেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ডিউটি রোস্টার অনুযায়ী তাদের কর্মস্থলে উপস্থিত থেকে দায়িত্ব পালন করতে হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৮.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রী তারেক রহমানকে ভারত সফরের আমন্ত্রণ ইস্যুতে অবস্থান স্পষ্ট করল দিল্লি

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে দ্বিপক্ষীয় সফরের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। শুক্রবার দিল্লিতে আয়োজিত নিয়মিত সাপ্তাহিক ব্রিফিংয়ে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য নিশ্চিত করেন। সংবাদ সম্মেলনে রণধীর জয়সওয়াল বলেন, `আমরা বাংলাদেশের প্রধানমন্ত্রীকে একটি দ্বিপক্ষীয় সফরের জন্য আমন্ত্রণ জানিয়েছি। এর পাশাপাশি ব্রিকস শীর্ষ সম্মেলনের আউটরিচ সেশনে অংশ নেওয়ার জন্যও ভারতের তরফ থেকে তাকে সফরের আমন্ত্রণ জানানো হয়েছে। এই আমন্ত্রণগুলো ইতিমধ্যে পৌঁছে দেওয়া হয়েছে এবং এ বিষয়ে নতুন কোনো অগ্রগতি হলে তা পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে।,একই ব্রিফিংয়ে বাংলাদেশে জ্বালানি সরবরাহের বিষয়ে ভারতের মনোভাব তুলে ধরা হয়। বাংলাদেশে বিদ্যমান জ্বালানিসংকট এবং নতুন করে জ্বালানি সহায়তার অনুরোধ-সংক্রান্ত এক প্রশ্নের জবাবে ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের এই মুখপাত্র জানান, বাংলাদেশে জ্বালানি সরবরাহের বিষয়টিকেও ভারত ইতিবাচকভাবে বিবেচনা করছে। রণধীর জয়সওয়াল বলেন, `আপনারা জানেন, ডিজেল সরবরাহের জন্য বাংলাদেশের সঙ্গে আমাদের একটি চলমান চুক্তি রয়েছে, যা এখনো অব্যাহত আছে। আর আপনারা যে অতিরিক্ত সরবরাহের অনুরোধের কথা বললেন, সেটি ভারতের অভ্যন্তরীণ চাহিদা, নিজেদের শোধন ক্ষমতা এবং দেশে ডিজেলের সার্বিক প্রাপ্যতার বিষয়টি বিবেচনায় রেখে পর্যালোচনা করা হবে।,(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## বাংলাদেশের মাটিতে আর কখনো ফ্যাসিবাদের জায়গা হবে নাঃ পররাষ্ট্র প্রতিমন্ত্রী

বাংলাদেশের মাটিতে আর কখনো ফ্যাসিবাদের জায়গা হবে না মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন, ১৮ বছর অনেক আন্দোলন-সংগ্রামের পর আমরা গণতন্ত্র ফিরে পেয়েছি। এই গণতন্ত্রকে অব্যাহত রাখতে হবে। বাংলাদেশে আর কোনো স্বৈরাচারকে ফিরে আসতে দেওয়া যাবে না। শুক্রবার সন্ধ্যায়

ফরিদপুরের সালথা উপজেলা সদরে স্থানীয় বিএনপির আয়োজনে ফরিদপুর (বদরপুর)-সালথা-সোনাপুর-মুকসুদপুর সড়কের সালথা ব্রিজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শামা ওবায়েদ ইসলাম বলেন, উন্নয়ন বাংলাদেশ জাতীয়তাবাদী দল ও সরকারের পক্ষেই সম্ভব। উন্নয়ন প্রধানমন্ত্রী তারেক রহমানের পক্ষেই সম্ভব। আমাদের দুর্ভাগ্য ছিল, গত ১৭ বছর বিনা ভোটে নির্বাচিত একটি সরকার এখানে ছিল। ওই সময়ে কোনো ধর্ম বা দলের মানুষই ভালো থাকতে পারেনি। এখন আমাদের উন্নয়ন করার সুযোগ এসেছে। তিনি বলেন, আপনাদের ছেলেমেয়ে ও নাতি-নাতনিদের ভবিষ্যতের জন্য প্রত্যেক ইউনিয়নে স্কুল ও কলেজ প্রতিষ্ঠা করা হবে। উন্নত মানের মাদ্রাসা প্রতিষ্ঠা করা হবে। ছোট ছোট ছেলে-মেয়েরা যাতে উন্নত শিক্ষা ও সুযোগ-সুবিধা পায়, সে ব্যবস্থা করা হবে। এ সময় দল-মত, ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী। উপস্থিত বিভিন্ন ইউনিয়নের নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, আগামী পাঁচ বছর আল্লাহতায়ালা সহায় হলে এলাকার মানুষের ভাগ্যোন্নয়ন করাই হবে আমাদের একমাত্র লক্ষ্য। মানুষের জীবনমান উন্নয়ন এবং এলাকার সার্বিক উন্নয়নে আমরা কাজ করে যাব। বক্তব্যের একপর্যায়ে শামা ওবায়েদ ইসলাম মঞ্চে দাঁড়িয়ে `স্বৈরাচার না গণতন্ত্র, ও `ফ্যাসিবাদ না উন্নয়ন, স্লোগান দেন। এ সময় উপস্থিত নেতাকর্মীরাও তাঁর সঙ্গে স্লোগানে অংশ নেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## সীতাকুণ্ডের জাহাজভাঙা কারখানায় `বিষাক্ত গ্যাসে,নিহতের সংখ্যা বেড়ে ৯ জনে পৌঁছেছে

চট্টগ্রামের সীতাকুণ্ডের ভাটিয়ারির একটি জাহাজভাঙা কারখানায় স্ক্র্যাপ জাহাজের গ্যাস সিলিন্ডারের বিষক্রিয়ায় নিহত বেড়ে ৯ জনে দাঁড়িয়েছে। শুক্রবার সকাল ৯টার দিকে ভাটিয়ারি ইউনিয়নের স্টেশন রোড এলাকার ফেরদৌস স্টিল নামের একটি কারখানায় এ ঘটনা ঘটে।এরপর চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের দায়িত্বরত চিকিৎসক ইশতিয়াক রহমান জানান, ওই কারখানা থেকে দুই দফায় সাতজনকে হাসপাতালে আনা হয়। এর মধ্যে ছয়জনকে মৃত অবস্থায় আনা হয়েছে। তাদের মরদেহ মর্গে রাখা হয়েছে। অপরজনকে চিকিৎসা দেওয়া হচ্ছে। তাছাড়া ঘটনাস্থলে দুজনের মরদেহ রয়েছে বলে জানান সীতাকুণ্ড থানার পরিদর্শক মো. আলমগীর। তাছাড়া বিকেলে চট্টগ্রামের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান আরেক শ্রমিক। কলকারখানা পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শক মাহবুবুল হাসান জানান, ১০ জন শ্রমিক অসুস্থ হওয়ার তথ্য পাওয়া গেছে, যাদের মধ্যে ৯ জনের মৃত্যু হয়েছে। ঘটনাটি গ্যাস নিঃসরণ নাকি বিস্ফোরণ, তা তদন্ত করা হচ্ছে। পাশাপাশি শ্রমিক নিরাপত্তা ব্যবস্থাও খতিয়ে দেখা হচ্ছে। মারা যাওয়া আট শ্রমিকের মধ্যে চারজনের নাম–পরিচয় জানা গেছে। তারা হলেন, সানি জলদাস, পলাশ জলদাস এবং দুই সহোদর মনসুর আলী ও নাসির উদ্দিন। তারা সবাই ভাটিয়ারী এলাকার বাসিন্দা।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## সামিটের টার্মিনাল চালু, বাড়ছে গ্যাস সরবরাহ

দেশের চলমান গ্যাস সংকটের মধ্যে জাতীয় গ্যাস গ্রিডে গ্যাস সরবরাহ বাড়িয়েছে সামিট এলএনজি টার্মিনাল। শুক্রবার সন্ধ্যা ৬টা ১০ মিনিটে টার্মিনালটি প্রায় ১১০ মিলিয়ন ঘনফুট পুনঃগ্যাসীকৃত এলএনজি সরবরাহ শুরু করেছে। শুক্রবার রাতে সামিট এলএনজি থেকে পাঠানো এক বিবৃতিতে জানিয়েছে, ধাপে ধাপে সরবরাহ বাড়িয়ে আগামী ১৫ আগস্ট রাত ২টার দিকে টার্মিনালের সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রায় ৫৫০ এমএমসিএফডি গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা সম্ভব হবে। সামিটের বাড়তি গ্যাস সরবরাহের ফলে শিল্পকারখানা, বিদ্যুৎ উৎপাদনসহ অন্যান্য খাতে গ্যাসের প্রাপ্যতা বাড়বে বলে আশা করা হচ্ছে। এতে দেশের জ্বালানি ব্যবস্থার ওপর চাপ কিছুটা কমার পাশাপাশি শিল্প ও অর্থনৈতিক কর্মকাণ্ডে ইতিবাচক প্রভাব পড়বে। সামিট এলএনজি জানিয়েছে, টার্মিনাল ও জাতীয় গ্যাস সঞ্চালন ব্যবস্থার কারিগরি সক্ষমতার মধ্যে থেকে নিরাপদ ও নির্ভরযোগ্যভাবে সর্বোচ্চ গ্যাস সরবরাহ নিশ্চিত করতে তারা কাজ করছে। কম্পানিটি আরো জানিয়েছে, বাংলাদেশের শিল্পোন্নয়ন, কর্মসংস্থান ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য পর্যাপ্ত ও নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্যাস সংকট মোকাবেলা ও দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে পেট্রোবাংলা ও সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে যাবে সামিট এলএনজি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## বাংলাদেশ এখন ধ্বংসস্তূপের মধ্যে দাঁড়িয়ে আছে

বাংলাদেশ এখন ধ্বংসস্তূপের মধ্যে দাঁড়িয়ে আছে বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। তিনি বলেন, বিগত আওয়ামী লীগ সরকার`এত ঋণ করে গেছে যে, ঠিকমতো পরিকল্পনা না করলে সরকারি কর্মকর্তাদের বেতন দেওয়াটাও একদিন কঠিন হয়ে যাবে । শুক্রবার বিকেলে সিরাজগঞ্জ পৌরসভার হলরুমে পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।বিদ্যুৎমন্ত্রী বলেন, `সঠিক পরিকল্পনা ছাড়া উন্নয়ন সম্ভব নয়। সরকার এমন একটি বাজেট দিয়েছে, যাতে মানুষের ওপর অতিরিক্ত করের চাপ না পড়ে। তবে এই বাজেট বাস্তবায়নে সাধারণ মানুষ ও প্রশাসনকে একসঙ্গে কাজ করতে হবে।, এর আগে শহরের পরিচ্ছন্নতা কার্যক্রমে ব্যবহারের জন্য ড্রামট্রাকসহ ছয়টি গাড়ি বিতরণ করেন মন্ত্রী। এ সময় নিজে ট্রাকে উঠেন। সেই প্রসঙ্গ টেনে তিনি বলেন, `অনেকে চায়ের দোকানে এটা নিয়ে সমালোচনা করবে, সেটা আমি জানি। কিন্তু আমি

মানুষকে দেখানোর জন্য ট্রাকে উঠিনি। আজকে থেকে ত্রিশ-চল্লিশ বছর আগে দেখেছি। ঘুম থেকে উঠে দেখেছি, এরকম একটা গাড়ি রাস্তা পরিষ্কার করছে। রাস্তা চকচক করছে সেই উচ্ছ্বাসে আমি ট্রাকে উঠেছি।, তিনি আরও বলেন, `পৌরসভার এসব গাড়ি রক্ষণাবেক্ষণের দায়িত্ব সবার। কারণ, সরকারের বাপ-মা জনগণ।, এর আগে পৌরসভার ১০ নম্বর ওয়ার্ডের ধানবান্ধি ডোবাপাড়া এলাকায় আরসিসি ড্রেন ও সড়ক নির্মাণকাজের উদ্বোধন করেন বিদ্যুৎমন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## যান্ত্রিক ত্রুটিতে ফের বন্ধ বড়পুকুরিয়া বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট

দিনাজপুরের পার্বতীপুরে অবস্থিত কয়লাভিত্তিক বড়পুকুরিয়া ৫২৫ মেগাওয়াট উৎপাদন ক্ষমতাসম্পন্ন তাপবিদ্যুৎ কেন্দ্রের ১ নম্বর ইউনিটটি যান্ত্রিক ত্রুটির কারণে আবারও বন্ধ হয়ে গেছে। শুক্রবার বেলা ১১টার দিকে ইউনিটটিতে ত্রুটি দেখা দিলে উৎপাদন বন্ধ হয়ে যায়। বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী আবু বকর সিদ্দিক বিষয়টি নিশ্চিত করে। তিনি জানান, যান্ত্রিক ত্রুটি দ্রুত সারিয়ে ইউনিটটি পুনরায় চালুর জন্য কাজ চলছে। বন্ধ হওয়ার আগে এই ইউনিটটি থেকে প্রতিদিন ৫০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছিল। বিদ্যুৎ কেন্দ্র সূত্রে জানা যায়, এর আগে গত ৩১ জুলাইও যান্ত্রিক ত্রুটির কারণে ১ নম্বর ইউনিটটির উৎপাদন বন্ধ হয়ে যায়। পরবর্তীতে মেরামতের পর ২ আগস্ট এটি পুনরায় চালু করা হয়। উল্লেখ্য, বর্তমানে বিদ্যুৎকেন্দ্রটির ৩ নম্বর ইউনিট থেকে ১৭০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। অন্যদিকে, কেন্দ্রের ২ নম্বর ইউনিটটি ২০২০ সাল থেকেই বন্ধ রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## চলতি অর্থবছরেই সিটি-ইউপি-পৌরসভাসহ ৫ নির্বাচন

চলতি অর্থবছরের মধ্যে সিটি করপোরেশন, ইউনিয়ন পরিষদ , পৌরসভাসহ ৫টি নির্বাচন অনুষ্ঠিত হবে। বিষয়টি জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। আজ শুক্রবার দুপুরে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে রাস্তার কাজ পরিদর্শনে এসে এ কথা জানান প্রতিমন্ত্রী।শ্রীমঙ্গলে পরিচ্ছন্নতাকর্মীদের জন্য নির্মিত ভবন তৈরির কাজ, শহরের ময়লার ভাগাড় স্থানান্তর ও রাধানগর মহাজিরাবাদ রাস্তার কাজ পরিদর্শন করেন প্রতিমন্ত্রী মীর শাহে আলম। প্রতিমন্ত্রী বলেন, অবকাঠামো উন্নয়ন, শিল্পায়ন, শিক্ষা, যোগাযোগ, পরিবেশ সংরক্ষণ এবং কর্মসংস্থান সব ক্ষেত্রেই পর্যটন নগরী মৌলভীবাজারকে নতুনভাবে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, পর্যটন নগরীর জন্য ১ হাজার কোটি টাকার একটি প্রকল্প হাতে নেওয়া হচ্ছে। বর্তমান সরকার জাতীয় উন্নয়নের মূলধারায় মৌলভীবাজারকে ফিরিয়ে আনতে সমন্বিত পরিকল্পনা নিয়ে কাজ করছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## ৯ শ্রমিক নিহত তদন্তে কমিটি, ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে থাকবে সরকারঃ অর্থমন্ত্রী

চট্টগ্রামের সীতাকুণ্ডে একটি জাহাজভাঙা কারখানায় বিষাক্ত গ্যাস ছড়িয়ে অন্তত **৯** জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় সরকারের পক্ষ থেকে একটি তদন্ত কমিটি করা হয়েছে বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তদন্ত প্রতিবেদনের ওপর এ ঘটনায় ব্যবস্থা নেওয়া হবে জানিয়ে মন্ত্রী নিহত শ্রমিকদের পরিবারের পাশে থাকার আশ্বাস দেন। শুক্রবার বিকেল ৪টায় মন্ত্রী চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে এ ঘটনায় আহত ব্যক্তিকে দেখতে যান। এ সময় তিনি গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, সীতাকুণ্ডে শিপব্রেকিং ইয়ার্ডে গ্যাস লিকেজে নিহত ও আহতদের পরিবারের পাশে থাকবে সরকার। ইতিমধ্যে মালিক পক্ষ ১০ লাখ টাকা করে প্রতিটি পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার ঘোষণা দিয়েছে। তিনি জানান, সরকার একটি তদন্ত কমিটি গঠন করছে। কমিটির প্রতিবেদনের আলোকে ব্যবস্থা নেওয়া হবে। তদন্তে মালিক পক্ষের কোনো গাফিলতি পেলে যথাযথ ব্যবস্থা নেবেন বলেও জানান অর্থমন্ত্রী। ঘটনাস্থলে বিষাক্ত গ্যাস ছড়িয়ে পড়েছে জানিয়ে মন্ত্রী বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ, ফায়ার সার্ভিসের সঙ্গে সেনাবাহিনীও কাজ করছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

## ১৫ আগষ্ট উপলক্ষে গোপালগঞ্জে ৫ প্লাটুন বিজিবি মোতায়েন

১৫ আগষ্ট উপলক্ষে গোপালগঞ্জে সম্ভাব্য অপ্রীতিকর ঘটনা এড়াতে এবং জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে প্রশাসন। জেলা পুলিশের পাশাপাশি ৫ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ ও অন্যান্য আইনশৃংখলা বাহিনীর সদস্যদের সমন্বয়ে শহরের গুরুত্বপূর্ণ এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। জেলার গুরুত্বপূর্ণ সড়ক, মোড়, সরকারি স্থাপনা ও জনসমাগমস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পাশাপাশি গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে এবং সার্বক্ষণিক টহল কার্যক্রম চালানো হচ্ছে। যেকোনো পরিস্থিতি মোকাবিলায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সর্বোচ্চ প্রস্তুত রয়েছে। অন্যদিকে, টুঙ্গিপাড়ায় শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধ কমপ্লেক্স-এর তিনটি গেট ও এর আশপাশ এলাকায় ব্যাপক পুলিশ, এপিবিএন ও সাদা পোশাকের আইনশৃংখলা বাহিনী কড়া নিরাপত্তা বলয় গড়ে তুলেছেন। এছাড়া টুঙ্গিপাড়ার বিভিন্ন এলাকায়ও আইনশৃংখলা বাহিনী মোতায়েন করা হয়েছে।জেলা প্রশাসক মো. আরিফ-উজ-জামান জেলার আইনশৃংখলা পরিস্থিতি

ঠিক রাখতে বিজিবিসহ অন্যান্য আইনশৃংখলা বাহিনী মোতায়েনের কথা নিশিচত করে বলেন, আগামীকাল ১৫ আগস্ট জেলার সার্বিক আইনশৃংখলা যাতে কোন অবনতি না ঘটে তার জন্য বিজিবি মোতায়েন থাকবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

**নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম না কমালে সরকারকে ক্ষমতায় থাকতে দেয়া হবে না,: নাহিদ ইসলাম**

বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম না কমালে সরকারকে ক্ষমতায় থাকতে দেয়া হবে না। শুক্রবার বিকেলে রাজধানীর যাত্রাবাড়ীতে আয়োজিত এক গণসমাবেশে এ মন্তব্য করেন তিনি। তিনি বলেন, `তেল-গ্যাস সংকট না কমলে, নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম না কমালে ও গণভোটের রায় বাস্তবায়ন না করলে এ সরকারকে ক্ষমতায় থাকতে দেয়া হবে না।, নাহিদ ইসলাম বলেন, `সরকারের অব্যবস্থাপনা, দুর্নীতি ও লুটপাটের কারণে দেশে তীব্র জ্বালানি সংকট দেখা দিয়েছে।, এসময়, প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফর প্রসঙ্গে নাহিদ ইসলাম বলেন, `ভারতের সঙ্গে আপস করে নয়াদিল্লি সফর করলে জনগণ বুঝে নেবে তারেক রহমান খালেদা জিয়া ও শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জাতীয়তাবাদী রাজনীতি করেন না।, এছাড়া, প্রেস কনফারেন্স করে দেশের সার্বভৌমত্বের বিরুদ্ধে নিয়েছে শেখ হাসিনা; এর জবাবদিহি ছাড়া প্রধানমন্ত্রী ভারত সফর করতে পারবেন না বলেও মন্তব্য করেন নাহিদ ইসলাম।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

**প্রধানমন্ত্রীর ভারত সফরের খবর এনডিটিভির, নিশ্চিত করেনি ঢাকা**

আগামী সপ্তাহের শেষার্ধে ভারত সফরে যেতে পারেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তার এ সফরকে সামনে রেখে বাংলাদেশ ও ভারতে প্রস্তুতিও শুরু হয়েছে বলে খবর প্রকাশ করেছে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি। তবে এ বিষয়ে বাংলাদেশ প্রধানমন্ত্রীর কার্যালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় আনুষ্ঠানিক কোনো ঘোষণা দেয়নি। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্র জানায়, আরও কয়েকটি দেশের মতো ভারতের সঙ্গেও প্রধানমন্ত্রীর সফর নিয়ে আলোচনা চলছে। তবে সফরসূচি এখনও চূড়ান্ত হয়নি। ঢাকা ও নয়াদিল্লির সূত্রের বরাতে এনডিটিভির প্রতিবেদনে ঢাকা ও দিল্লির কূটনৈতিক ও রাজনৈতিক সূত্রগুলো বলছে, প্রধানমন্ত্রীর সফরের সম্ভাব্য তারিখ হতে পারে ২২-২৩ আগস্ট। যা ভারতের স্বাধীনতা দিবসের ঠিক এক সপ্তাহ পর। এনডিটিভি বলছে, সম্ভাব্য এই সফরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে তারেক রহমানের বৈঠক হওয়ার কথা রয়েছে। বৈঠকে দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হতে পারে। এর মধ্যে বাণিজ্য, যোগাযোগ, জ্বালানি, সীমান্ত ব্যবস্থাপনা ও আঞ্চলিক নিরাপত্তা গুরুত্ব পেতে পারে।সব ঠিক থাকলে প্রধানমন্ত্রী হিসেবে এটাই হবে তারেক রহমানের প্রথম ভারত সফর। দুই প্রতিবেশী দেশের সম্পর্কের গতিপথ নির্ধারণের ক্ষেত্রেও এ সফর তাৎপর্যপূর্ণ হয়ে উঠবে। সংশ্লিষ্ট ব্যক্তিদের বরাতে ভারতীয় সংবাদমাধ্যমটি লিখেছে, দুই দিনের এই সফরকে দ্বিপক্ষীয় সফর হিসেবেই পরিকল্পনা করা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৮.২০২৬ আসাদ)

# BBC

**'UNPRECEDENTED' RAIN IN JAPAN KILLS EIGHT PEOPLE**

At least eight people have died as record rainfall pummelled eastern Japan and left thousands stranded at Tokyo's Narita Airport. The rains, which authorities have described as "unprecedented", cut power to more than 20,000 households in Chiba prefecture. Local authorities issued a level five emergency warnings, its highest alert, on Thursday. This was downgraded to a level four by Friday morning, but they continue to warn of landslide and flooding risks. The deluge comes after a series of storms swept through Japan and neighbouring countries this week, in what meteorologists forecast to be an unusually active typhoon season. (BBC News Web Page: 14/08/26, FARUK)

**US SAYS DOZENS OF COUNTRIES HELPED CHINA DODGE TRUMP'S TARIFFS**

The White House said in a report on Thursday that more than 40 countries had helped China sidestep US tariffs by routing exports through nations that face lower American import duties. The countries named include Canada, India, Mexico, Japan and South Korea, which the White House said had helped China evade tens of billions of dollars in tariffs, which are levied on companies importing goods. White House trade adviser Peter Navarro said it had cost "American jobs and billions in revenue". A spokesperson for the Chinese embassy in Washington said "trade wars have no winners" and that it opposes the US tariff measures and the use of state power to target China's companies. "Any unilateral actions or agreements concerning transshipped goods must not target or harm the interests of third parties," the spokesperson added. (BBC News Web Page: 14/08/26, FARUK)

**US AIRCRAFT CARRIER AT SEA FOR MORE THAN 250 DAYS RAISE ALARMS**

Thousands of US military members who have lived abroad an aircraft carrier for more than 250 days are reportedly contending with food shortages, broken plumbing and exhaustion, leading lawmakers to demand answers from the Pentagon and pressure the Trump administration over the Iran war. Military news outlets reported that some USS Abraham Lincoln sailors had attempted to jump overboard, while families have raised concerns about mental health abroad the ship. Defence Secretary Pete Hegseth called reports of conditions "completely misrepresented" on Thursday. The carrier left California in November for the South China and was sent to the Middle East ahead of attacks on Iran in February. The deployment, which was originally set to end in May, has been repeatedly extended. No return date has been announced, but on Thursday multiple outlets reported the US was preparing to replace the carrier with the USS George Washington as part of a previously scheduled rotation plan. (BBC News Web Page: 14/08/26, FARUK)

**PRESIDENTIAL VOTE COUNTING HALTED IN ZAMBIA**

Zambia's electoral commission has suspended the counting of votes from Thursday's presidential, parliamentary and local elections over alleged attacks on polling staff. The authority said the process would be halted nationwide with immediate effect as it expressed concern over reports of violence that had "resulted in the theft of marked ballot papers in ballot boxes". President Hakainde Hichilema is seeking a second five-year term. Brian Mundubile is the main opposition candidate among 13 challengers. The electoral commission had previously set itself the target of announcing the results by the end of Sunday. Counting got under way immediately after polls closed on Thursday but no official results had been declared when the halt in the count came into effect.
(BBC News Web Page: 14/08/26, FARUK)

**PALESTINIANS TOLD TO LEAVE HOMES IN VILLAGE**

About a dozen Palestinian households in a village in the occupied West Bank were told to leave their properties during an Israeli military operation to remove Israeli settlers. The settlers had besieged residents in three homes in the area since Sunday, cutting off their power and water supplies. Qusra Mayor, Abdel Azim Wadi, told the BBC that his village had been declared a closed military zone - and israeli forces were using some of the vacated Palestinian houses as barracks. The Israeli military said the aim was "to protect the residents". An Israeli spokesman told the BBC the settlers action was "deplorable" and "unacceptable" and the government would investigate and arrest those responsible. Settlers have been emboldened by the rapid expansion of settlements under the current Israeli government - leading to a dramatic rise in settler violence as they try to drive Palestinians off their land. (BBC News Web Page: 14/08/26, FARUK)

**US MISSIONARY RELEASED FOLLOWING KIDNAP IN NIGER: CHRISTIAN GROUP**

An American missionary has been released after spending more than nine months in captivity, the International Christian organization he worked for has said. Kevin Rideout - who was kidnapped outside his home in Niger's capital Niamey last year - was "in good health in the care of US officials", SIM International said in a statement on Friday. The New York Times, which first reported Rideout's release, cited unnamed US officials saying that he was now in FBI custody, though details of how he was released, as well as who he had been held by, remained unclear. There had been concerns that Rideout had been taken by militants, who have increasingly used violence and abductions as tactics.
(BBC News Web Page: 14/08/26, FARUK)

**INSTAGRAM ACCOUNTS FUELLING CEUTA CRISIS WITH PAID ADVICE**

It comes after roughly 78,000 migrants from Morocco arrived by sea into Ceuta in a matter of hours last month, 100 of whom died according to the Mayor of Ceuta. The crisis has calmed since, but it has sparked tensions between EU nations who share open borders as well as criticism of the Spanish government. The BBC's Top Comment podcast has identified dozens of Instagram profiles that portray the short swim around the Morocco-Ceuta border fence as safe and easy - but in reality, people have drowned trying to make the crossing and take much longer routes. The accounts also wrongly show Ceuta as a viable route to mainland Europe. BBC's research suggests that this has contributed to the influx, alongside other factors such as misinformation about changes to Spanish immigration law and allegations about weak border controls. After engaging with the accounts profiles and posts, the BBC was added to multiple channels and WhatsApp groups.

(BBC News Web Page: 14/08/26, FARUK)

**INDIAN SOLAR MISSION'S NEW FINDINGS ON ENSURING SUN MYSTERIES**

One of the most enduring mysteries that has been puzzling scientists forever is how the Sun's outer atmosphere - the corona - is millions of degrees hotter than its surface. And how does the corona continue to remain so hot despite frequent eruptions during which it loses huge amounts of energy? Astrophysicists in India now say the latest findings from Aditya-L1, the country's first solar observation mission in space, have provided them some vital clues to unlocking those mysteries. Their findings are revealed in a recent paper published in the prestigious Astrophysical Journal Letters. The temperature variations in different regions of the Sun defy the laws of physics, says leading Indian solar astrophysicist Prof R Ramesh of the Indian Institute of Astrophysics (IIA) who led the study. If you cut through the Sun's layers, deep inside is the core where the temperature is 15 million Celsius. Travel outwards to the surface or the photosphere - the part that we see from the Earth - it's about 5,500C. Far away from the core is the Sun's outermost layer of corona where the temperature is about 2 million C - it can sometimes go up to 40 million C.

(BBC News Web Page: 14/08/26, FARUK)

**PARDON FOR PRESIDENT'S MAIN RIVAL IN CHAD**

Chad's President Mahamat Deby has pardoned political rival and former Prime Minister Succes Masra who was serving a 20-year sentence, paving the way for his release from prison. Masra, a fierce critic of president, claimed to have defeated him in an election in 2024. The opposition figure had been arrested last May over alleged links to a clash which took place in the south-west of the country. He was accused of spreading hateful messages on social media linked to the violence in which authorities said at least 42 people died. The decision to pardon Masra comes four days after the president promised to free several convicted individuals - to foster national unity, peace and reconciliation. However, the presidential pardon does not amount to an amnesty. This means all nine of those pardoned - including Masra - could still be prosecuted, the presidency underscored.

(BBC News Web Page: 14/08/26, FARUK)

**::THE END::**